

# Kumudini Bulletin

January - April 2013 **হুস্ম্যুদিল্মী স্থ্রক্রোটিল্ম** জানয়ারি - এপ্রিল ২০১৩

President of India Shri Pranab Mukherjee Visits Kumudini Complex

- Publication Ceremony of 'Ranada Prasad Shaha Smarakgrantha'
- Condolence and Prayer Meeting in memory of late President M Zillur Rahman
- Birth Anniversary of Father of the Nation and National Children's Day Observed
- Sixty Ninth Birth Anniversary of Shaheed Bhavani Prasad Shaha Celebrated
- State Minister for Law Visits Kumudini
- PM's Advisor Prof Gowher Rizvi at Annual Prize Distribution Ceremony of BH
- Annual Sales Conference of KPL
- Launching of Two More Medicinal Products by KPL
- Homage to Language Martyrs
- Orientation of 1st Year MBBS & BDS Students Held
- World Patient and Health Worker Day
- Students of BH Received Free Text Books on New Year's Day
- Saraswati Puja Celebrated
- Fistula Orientation at Kumudini Hospital
- > Juimati Shaha Passes Away
- Annual Sports Competition at Bharateswari Homes
- Kumudini Hospital Treatment Statistics
- Bangla New Year's Celebration
- Kumudini Pays Homage To Great Revolutionist Binod Bihari
- Homes Students Top in Essay and Book Reading Competition
- Homes Students Participate in Independence Day Programmes

### কুমুদিনী কমপ্লেক্সে ভারতের রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি

### President of India Shri Pranab Mukherjee Visits Kumudini Complex



Shri Pranab Mukherjee, the Hon'ble President of India, laying foundation stone of the Combined Waste Management System at Kumudini Complex, Mirzapur

মির্জাপুরের কুমুদিনী কমপ্লেক্সের জন্য ৫ মার্চ ২০১৩ মঙ্গলবার দিনটি ছিল একটি অন্যরকম দিন। এদিন কমপ্লেক্সে ভারতের প্রথম বাঙালি রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জির গুভাগমন হয়। কুমুদিনীর প্রতিটি প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, ছাত্রী, চিকিৎসক, সেবিকাসহ প্রত্যেকের জন্য ছিল সে এক অবিস্মরণীয় ঐতিহাসিক মহর্ত।

রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জির টাঙ্গাইলের মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্স সফরের মুখ্য উদ্দেশ্য ছিল শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার অমর কীর্তি ও বিভিন্ন স্থাপনা পরিদর্শন করা। এখানে অবস্থিত কুমুদিনী হাসপাতাল, ঐতিহ্যবাহী বিদ্যাপিঠ ভারতেশ্বরী হোমস, নার্সিং স্কুল ও কলেজ, কুমুদিনী মেডিক্যাল কলেজ ইত্যাদি পরিদর্শনের বাইরে রাষ্ট্রপতি শ্রী মুখার্জির সফরে উল্লেখযোগ্য কর্মসূচির মধ্যে ছিল ভারত সরকারের আর্থিক সহায়তায় কুমুদিনী কমপ্লেক্সে নির্মিতব্য 'সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা সিস্টেম' –এর ভিত্তিপ্রস্তর উন্যোচন করা। Tuesday 05 March 2013 was a different day for Kumudini Complex at Mirzapur. On this day the first Bengalee President of India arrived at Kumudini Complex. This was a historic day for the officers, employees, teachers, students, doctors, nurses and all of Kumudini.

The main aim of the visit by President Pranab Mukherjee was to see for himself the works and different institutions established by the philanthropist Ranada Prasad Shaha. In addition to visiting the Kumudini Hospital, the Bharateswari Homes etc he laid the foundation stone of the 'Combined Waste Management System', an undergoing project financed by the Government of India. শ্রী প্রণব মুখার্জির আগমন উপলক্ষে পুরো কমপ্লেক্সের ভবনসমূহ ও পরিপার্শ্ব বর্ণিল সাজে সাজানো হয়। ক্যাম্পাস জুড়ে রঙবেরঙের পতাকা, প্ল্যাকার্ড ও ফেস্টুন লাগানো হয়। টানানো হয় মান্যবর রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি, তাঁর সহধর্মিনী শ্রীমতী গুল্রা মুখার্জি ও কুমুদিনী কমপ্লেক্সের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার ছবি সম্বলিত বিশাল বিলবোর্ড।

বাংলাদেশ বিমান বাহিনীর একটি বিশেষ হেলিকন্টার বেলা ২.২৫ মিনিটে রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জিকে বহন করে কুমুদিনী কমপ্লেব্বের হেলিপ্যাডে অবতরণ করে। এ সময় তাঁকে অভ্যর্থনা জানান বাংলাদেশ সরকারের পররাষ্ট্রমন্ত্রী ডা. দীপু মনি, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মিসেস শ্রীমতী সাহা, ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা ও তাঁর সহধর্মিনী শ্রীমতী শস্পা সাহা, টাংগাইল-৭ আসনের সংসদ সদস্য জনাব মো. একাব্বর হোসেন, টাঙ্গাইল জেলা পরিষদের প্রশাসক ও সাবেক সংসদ সদস্য জনাব ফজলুর রহমান খান ফারুক এবং টাংগাইলের জেলা প্রশাসক জনাব মো. আনিসুর রহমান মিঞ্রা।

মান্যবর অতিথি হেলিপ্যাড থেকে সরাসরি ভারতেশ্বরী হোমসের সবুজ প্রাঙ্গণে তৈরি সুদৃশ্য খোলা মঞ্চে যান। সেখানে সহস্র দর্শনার্থী তাঁকে করতালি দিয়ে অভ্যর্থনা জানালে তিনি হাসি মুখে হাত নেড়ে তার জবাব দেন। পরে তিনি মুগ্ধচিত্তে ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের বাজানো বাদ্যের তালে-তালে প্রদর্শিত মনোমুগ্ধকর কুচকাওয়াজ ও শারীরিক কসরত উপভোগ করেন। এ সময় অতিথি রাষ্ট্রপতি, মঞ্চে উপবিষ্ট বিশিষ্ট ব্যক্তিবর্গ ও দর্শকদের মুহুর্মুহু করতালিতে চারদিক মুখরিত হয়ে ওঠে।

আনুষ্ঠানিক সম্বর্ধনার জবাবে রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি কুমুদিনী মেডিক্যাল কলেজ, কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজ, ভারতেশ্বরী হোমস এবং সর্বোপরি কুমুদিনী পরিবারের সদস্যদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক সংক্ষিপ্ত ভাষণ দেন।

রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি তাঁর সম্মানে আয়োজিত কুমুদিনীর সমর্ধনা অনুষ্ঠানে মুগ্ধ হয়ে তাঁর ভাষণের শুরুতেই বলেন, 'আপনারা মার্জিত, শৃঙ্খলা ও শারীরিক শৈলীর অপরূপ মিশ্রণে সাজানো এক অসাধারণ অনুষ্ঠান উপস্থাপন করেছেন। আপনাদের হৃদয়গ্রাহী মেধা ও পরিশ্রম দেখে আমি সত্যিই অভিভূত।'

কুমুদিনীর সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের উদ্দেশ্যে শ্রী মুখার্জি বলেন, 'এখানে আপনারা যে প্রশিক্ষণ ও শিক্ষালাভ করছেন তা আপনাদের মাতৃভূমির গর্বিত ও ফলপ্রসূ নাগরিক হিসেবে প্রস্তুত হতে সাহায্য করবে। আপনারা নতুন বাংলাদেশের রূপকার হবেন।'

কুমুদিনী ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার স্ত্রি প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে মান্যবর রাষ্ট্রপতি প্রণব মুখার্জি তাঁর ভাষণে উল্লেখ করেন যে, 'বাংলাদেশ সৃষ্টির পূর্বে কুমুদিনী পরিবারের সদস্যরা যথেষ্ট দুর্দশা ভোগ করেছেন এবং সাহসিকতা প্রদর্শন করেছেন যা উল্লেখ করার মতো।'

প্রসঙ্গক্রমে রাষ্ট্রপতি মুখার্জি বলেন, 'কুমুদিনীর সেবাব্রতী প্রচেষ্টার প্রতি ভারত সরকারের সমর্থনের সামান্য নিদর্শন স্বরূপ এ কমপ্লেক্সে পয়ঃনিদ্ধাশনসহ উন্নতমানের বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প বাস্তবায়নে আর্থিক সহায়তা করতে পেরে আমি আনন্দিত বোধ করছি।'

উপমহাদেশের এ বর্ষিয়ান মহান নেতার ভাষণে ব্যক্ত হয় দেশ, জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে বিশ্ব মানবতার কল্যাণের মহামন্ত্র। সকল বয়সের দর্শক শ্রোতা মুন্ধচিত্তে তাঁর বক্তব্য শুনেন। To welcome the President the entire buildings of the Kumudini Complex were decorated with colorful placard and festoons. The campus wore a festive look. Giant posters of the President Shri Pranab Mukherjee, his wife Srimati Suvra Mukherjee and the founder of Kumudini Welfare Trust R P Shaha were hung at different prominent locations.

A special helicopter of Bangladesh Air Force with the Indian President onboard landed at the helipad of the Complex at 2-25 pm. He was welcomed by the Bangladesh Foreign Minister Dr Dipu Moni, Director of Kumudini Welfare Trust Mrs Srimati Shaha, Managing Director of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha and his wife Mrs Shampa Shaha, local MP Mr Akkabar Hossain, Administrator of Tangail Zilla Parisad and former MP Mr Fazlur Rahman Khan Farooq and DC Tangail Mr Anisur Rahman Miah.

The honourable guest went directly to the Bharateswari Homes and took his position on the dais. On the way and at Bharateswari Homes he was warmly greeted by thousands of students and onlookers. He waved back happily. He witnessed the march past and enjoyed the physical display performed by the students of the Homes.

President Pranab Mukherjee addressed the gathering which comprised of students from Bharateswari Homes, Kumudini Medical College, Kumudini Nursing School and College and all members of the Kumudini family. He said that he was pleased to observe the march past and physical display. He was impressed by the discipline and hard work carried out by the students. He said that the education which the students received here would make them proud and worthy citizens. They would be the future leaders of the new Bangladesh.

He paid rich tributes to the memory of the founder of Kumudini Trust Shaheed philanthropist Ranada Prasad Shaha and said that the Kumudini family sacrificed a lot and displayed exemplary courage before the birth of Bangladesh. He was happy to support Kumudini's welfare activities through the implementation of the 'Combined Waste



এর আগে স্বাগত ভাষণ দেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক শ্রী রাজীব প্রসাদ সাহা। তিনি তাঁর ভাষণে বলেন যে, মাত্র সাত বছর বয়সে মাতৃহারা তাঁর ঠাকুরদা রণদা প্রসাদ সাহা মা হারানোর কষ্ট থেকে শক্তি সঞ্চয় করে গত শতাব্দীর ত্রিশের দশকে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট গড়ে তুলেন। এ ট্রাস্টের মাধ্যমে তাঁর দাদু চেষ্টা করেছেন শিক্ষার আলো জ্বেলে সমাজ–সংসারে নারীর অধিকার প্রতিষ্ঠার এবং দরিদ্র মানুষের চিকিৎসা সেবাদানের।

ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক স্বাগত ভাষণে আরো উল্লেখ করেন যে, বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১ সালে ৭ মে পাকিস্তানি হানাদার বাহিনী ও তাদের দেশীয় দোসররা তাঁর ঠাকুরদা ও বাবাকে অপহরণ করে নিয়ে যায়। আজ পর্যন্ত তাঁদের খোঁজ পাওয়া যায়নি। তাঁর ভাষায় 'এ মহাযন্ত্রণা ও কষ্টকে আমরা শক্তিতে রূপান্তর করার চেষ্টা করেছি। এখনও চলছে আমার ঠাকুরদার আরাধ্য কাজ আরও বর্ধিত কলেবরে।'

শ্রী রাজীব প্রসাদ সাহা ভারতের রাষ্ট্রপতির উদ্দেশ্যে বলেন, 'বন্ধুপ্রতিম ভারত সরকারের শুভেচ্ছায় কুমুদিনী কমপ্লেক্সে বাস্তবায়িত হতে যাচ্ছে সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা সিস্টেম। সিস্টেমটি কুমুদিনী কমপ্লেক্সে প্রায় ৭০ বছরের পুরাতন ব্যবস্থা প্রতিস্থাপন করবে- যা আমাদের পরিবেশ ও প্রতিবেশকে দূষণমুক্ত রাখতে সাহায্য করবে। আমরা আপনাকে ও আপনার মাধ্যমে বন্ধুপ্রতিম ভারত সরকার ও জনগণের প্রতি গভীর শ্রদ্ধা জানাই।'

সম্বর্ধনা অনুষ্ঠান শেষে রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি ভারত সরকারের আর্থিক সহায়তায় কুমুদিনী কমপ্লেক্সে নির্মিতব্য সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা সিস্টেম এর ভিত্তিপ্রস্তর উন্মোচন করেন।

এরপর রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি কুমুদিনী হাসপাতাল ও লাইব্রেরি পরিদর্শন করে ট্রাস্টের পরিচালক মিসেস শ্রীমতী সাহা ও মিস প্রতিভা মুৎসুদ্দিসহ কুমুদিনী পরিবারের সদস্যদের সঙ্গে মধ্যাহ্ন ভোজন করেন। লাইব্রেরিতে স্থাপিত খাবার টেবিলগুলো ছিল নানা স্বাদের বাঙালি খাবারে সজ্জিত।

ভোজসভায় ভারতীয় রাষ্ট্রপতির সফরসঙ্গী ও বিশিষ্ট অতিথিদের মধ্যে যারা অংশ নেন তাঁদের মধ্যে ছিলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রি ডা. দীপুমনি, সংসদ সদস্য জনাব মো. একাব্বর হোসেন, ভারতের লোকসভার কয়েকজন সদস্য ও উর্ধ্বতন কর্মকর্তা, ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার জনাব তারেক এ করিম, বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার শ্রী পংকজ শরণ, ডেপুটি হাই কমিশ-নার শ্রী সন্দ্বীপ চক্রবর্তী, ফার্স্ট সেক্রেটারি শ্রী আর মাসাকুই, টাঙ্গাইল জেলা পরিষদের প্রশাসক জনাব ফজলুর রহমান ফারুক, টাঙ্গাইলের জেলা প্রশাসক জনাব আনিসুর রহমান মিঞ্রা, পুলিশ সুপার জনাব সোহেল মোহাম্মদ তানভির প্রমুখ।

মধ্যাহ্ন ভোজন শেষে রাষ্ট্রপতি প্রণব মুখার্জি সফর সঙ্গীদেরসহ বিকেল ৪.২০ মিনিটে ঢাকার উদ্দেশে কুমুদিনী কমপ্লেক্স ত্যাগ করেন।

কুমুদিনী কমপ্লেক্সে ভারতের রাষ্ট্রপতির সফর অনুষ্ঠানের ব্যবস্থাপনার সার্বিক দায়িত্বে ছিলেন ট্রাস্টের পরিচালক মিস প্রতিভা মুৎসুদ্দি, মিসেস শ্রীমতী সাহা, কুমুদিনী হাসপাতাল ও মেডিক্যাল কলেজের পরিচালক ডা. দুলাল পোদ্দার, কুমুদিনী মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা.এম এ হালিম, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা মনিকা দেবী বড়ুয়া, উপাধ্যক্ষ মো. গোলাম কিবরিয়া এবং কুমুদিনী কমপ্লেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষিকাবৃন্দ। Management System' funded by the Government of his country. The veteran leader of the sub-continent spoke of the welfare of humanity leaving aside the difference of caste, creed or religion. The audience comprising people from all age groups listened attentively to what he said.

Before this, the Managing Director of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha delivered his address of welcome. In his speech he said that his grandfather having lost his mother at an early age of only 7 years gathered enough strength to set up the Kumudini Welfare Trust in the early 1930s. Through this Trust his grandfather tried to educate the women and provide health care to the poor and the distressed. Mr Rajiv also said that on 7 May 1971 while the liberation war was being fought Pakistan Army and their local collaborators abducted his grandfather and his father who never returned. In his words, 'we have turned this grief into strength and are taking forward his unfinished task in a bigger way'.

Mr Rajiv Prasad Shaha addressing the President said, 'As a gift from the Government of India we are going to implement the Combined Waste Management System at Kumudini Complex. This will replace the 70 years old system and help keep our environment safe and clean. We would like to convey our deep respect to you and the friendly government and people of India'.

On conclusion of the reception at Bharateswari Homes the President unveiled the foundation stone of the 'Combined Waste Management System'. The President then went round the hospital and library. Later on he joined in a lunch where Mrs Srimati Shaha the Director of the Trust along with Ms Protiva Mutsuddy and other members of Kumudini family were present. After the lunch the President along with his entourage departed for Dhaka at 4-20 pm.

### PANORAMIC Visit Of President Shri Pranab Mukherjee



Kumudini

Family members of Kumudini greeting the President



• On arrival going directly to the Bharateswari Homes



Exchange of good wishes with the audience



On the dais



Rising Sun - a marvellous physical display by the Homes' students



The President being enchanted with beauty of the display expresses his deep fellings to the MD of KWT



### VIEW To Kumudini Complex



The Managing Director of KWT Mr. Rajiv Prasad Shaha delivering address of welcome



Advancing towards Kumudini Hospital



Kumudini

President Shri Pranab Mukherjee addressing the gathering



With the core members of Kumudini



Mrs Srimati Shaha entertaining the Hon'ble guest in a lunch




Exchange of good wishes at the time of departure



### Publication Ceremony of 'Ranada Prasad Shaha Smarakgrantha'

### 'রণদা প্রসাদ সাহা স্মারক্ম্বন্থ' এর প্রকাশনা উৎসব

Kumudini



Publication Ceremony of 'Randa Prasad Shaha Smarakgrantha'. From R-L : Writer Selina Hossain, Emeritus Prof. Dr. Anisuzzaman, former Chief Advisor of the Caretaker Government Justice Muhammad Habibur Rahman, Director(Education) of KWT Protiva Mutsuddy, educationist Shaheedjaya Shyamali Nasreen Chowdhury, writer and publisher Mofidul Haque and senior teacher of Homes Hena Sultana.

শিক্ষা, স্বাবলম্বন ও আর্তের সেবায় নিবেদিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের মহান প্রতিষ্ঠাতা মুক্তিযুদ্ধের শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার বিস্তৃত কর্মকান্ড ও যাপিত জীবন সম্পর্কে নানা লেখায় সমৃদ্ধ 'রণদা প্রসাদ সাহা স্মারক্ণ্রন্থর্ট প্রকাশিত হয়েছে। আনুষ্ঠানিকভাবে এই স্মারক্ণ্রন্থেরের মোড়ক উন্মোচন করা হয় গত ৩০ মার্চ ২০১৩ শনিবার সন্ধ্যা ৬টায় শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে। স্মারক্ণ্রন্থ প্রকাশ উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষার্থী থেকে শুরু করে সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত অনেক বিদগ্ধজন উপস্থিত হয়েছিলেন 'দানবীর' খ্যাত মহাপ্রাণ ব্যক্তিত্ব রণদা প্রসাদ সাহার প্রতি তাঁদের হৃদয়ের গভীর শ্রদ্ধার্ঘ্য নিবেদন করতে।

বাংলা একাডেমির সভাপতি এমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান। আলোচনায় অংশ নেন অধ্যাপক ড. করুণাময় গোস্বামী, কথাশিল্পী সেলিনা হোসেন, শহীদজায়া শ্যামলী নাসরিন চৌধুরী প্রমুখ। সম্পাদনা পরিষদের পক্ষে স্বাগত বক্তব্য রাখেন স্মারকগ্রন্থের অন্যতম সম্পাদক মফিদুল হক। ধন্যবাদ জ্ঞাপন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদি।

মহান মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১ সালে ৭ মে নিখোঁজ হওয়ার পর দীর্ঘ ৪২ বছর পার হয়ে গেছে। দীর্ঘ প্রতীক্ষার পর প্রকাশিত হলো রণদা প্রসাদ সাহা ম্মারকগ্রন্থটি। রণদা প্রসাদ সাহা, যিনি আর পি সাহা নামে পরিচিত তিনি এবং তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহা(রবি)কে বাড়ি থেকে রাতের অন্ধকারে তুলে নিয়ে গিয়েছিল পাকিস্তানি ঘাতক দালাল বাহিনী। 'Ranada Prasad Shaha Smarakgrantha' containing writings on the life and works of Rai Bahadur Ranada Prasad Shaha has been published recently. Formal launching of the book was made on the evening of 30 March 2013 at the Shilpakala Academy. The function was arranged by Kumudini Welfare Trust (KWT) and participated by a number of individuals who are highly placed in the society. They paid rich tributes to the memory of R P Shaha.

The function was presided over by the President of Bangla Academy Emeritus Professor Dr Anisuzzaman. The chief guest on the occasion was former Chief Advisor of the Caretaker Government Justice Muhammad Habibur Rahman. Those who participated in the discussion were Professor Dr Karunamoy Goswamy, writer Selina Hossain and Shyamoli Nasreen Chowdhury. এরপর তাঁরা দু`জন আর ফেরেন নি। বুক ভাঙ্গা ব্যথা নিয়ে পরিবারের সদস্যরা প্রতীক্ষায় দিন গুণেছেন। অবশেষে ২০০২ সালে তাঁদের ফেরার আশা ছেড়ে কুমুদিনী পরিবার তাঁদের পারলৌকিক ক্রিয়া সম্পন্ন করে।

প্রকাশনা অনুষ্ঠানে সংগত কারণেই দানবীর রণদা প্রসাদ সাহার দেশপ্রেম ও মানবপ্রেম, তাঁর কর্মময় জীবনের পাশাপাশি উঠে এসেছিল আমাদের মুক্তিযুদ্ধের প্রসঙ্গ এবং সেই সূত্রে দেশ জুড়ে সম্প্রদায়িক শক্তির তান্ডবকে প্রতিহত করার প্রত্যয়ও।

বিচারপতি মুহম্মদ হাবিবুর রহমান প্রধান অতিথির বক্তব্যে বলেন, রণদা প্রসাদ সাহার কাছে 'হিন্দু-মুসলমানের প্রশ্ন ছিলনা, আমাদের কাছেও থাকা উচিত নয়। কিন্তু দেশ জুড়ে এখন যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে, তাতে বিষয়টি আমাদের ভাবিত করে তুলেছে। এই অনাকাজ্জিত পরিস্থিতি থেকে দেশকে মুক্ত করতে হলে আজ আর পি সাহার আদর্শ প্রতিষ্ঠা করা খুব জরুরি হয়ে ওঠেছে। তাঁর মতো মানুষ আমাদের দেশে জন্মেছিলেন, এটা ভেবে দেশকে আরও ভালবাসতে ইচ্ছে জাগছে।' তিনি আরো বলেন, 'বাংলাদেশের অর্থনৈতিক উন্নতি দেখে অনেক বিদেশির মাথা ঘুরে যায়। হরতাল হচ্ছে, মন্দির ভাঙ্গা হচ্ছে- তারপরও বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি হচ্ছে কী ভাবে। বাংলাদেশের গতি-প্রকৃতির এ স্ববিরোধিতা বুঝতে হলে রণদা প্রসাদ সাহাকে বোঝা সবচেয়ে বেশি জরুরী। যে মানুষটি ব্যবসা করে অর্থ উপার্জন করে তা মানুযের জন্য নিবেদন করেছিলেন। তিনি নিজে হিন্দু সম্প্রদায়ের হলেও দেশভাগের পর অনেকের মতো স্বদেশ ছেড়ে ভারতে চলে যান নি। আমরা গর্ববোধ করি যে, এ মানুষটি আমাদের এই বাংলাদেশের মানুষ।'

অধ্যাপক ড. করুণাময় গোস্বামী বলেন, 'রণদা প্রসাদ সাহা যে চেতনা ও আদর্শ লালন করতেন তা তাঁর কাজের মধ্যে দিয়ে ছড়িয়ে দিয়েছেন। তাঁর সেই আদর্শ প্রজন্ম থেকে প্রজন্মের মাঝে বেঁচে থাকবে। তাঁর শরীরী মৃত্যু হলেও তিনি আমাদের হৃদয়ে বেঁচে থাকবেন চিরকাল।' তিনি দাবি করে বলেন, '১৯৭১ সালে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের এদেশের সাহায্যকারীরা কাদের গুম করেছিল, তাদের পরিণতি কি হয়েছিল তা প্রকাশ করা হোক।'

কথাসাহিত্যিক সেলিনা হোসেন বলেন, 'রণদা প্রসাদ সাহা জীবন দিয়ে অর্জন করেছেন মানবিকবোধের বিকাশ, মৃত্যু দিয়ে দেশের ইতিহাসের সঙ্গী হয়েছেন। তিনি অপার দেশপ্রেম ও দায়িত্ববোধ থেকে মাতৃভূমিকে ঘিরে মানবিক প্রচেষ্টায় লিপ্ত হয়েছিলেন।'

অনুষ্ঠানে শহীদজায়া শ্যামলী নাসরিন চৌধুরী অতীতের স্মৃতি স্মরণ করে উল্লেখ করেন যে, তাঁর নিজের কর্ম জীবন শুরু হয়েছিল ভারতেশ্বরী হোমসের শিক্ষকতার মাধ্যমে। তাঁর স্বামী ১৯৭১ এ শহীদ ডাক্তার আলীম চৌধুরী ছিলেন কুমুদিনী হাসপাতালের ডাক্তার। রণদা প্রসাদ সাহার স্নেহধন্যা শ্যামলী নাসরিনের নিজের কথায় 'রণদা প্রসাদ সাহার কথা মনে হলেই যুদ্ধাপরাধীদের নৃশংস বর্বরতার কথা মনে করিয়ে দেয়।'

স্বাগত বক্তব্যে মফিদুল হক বলেন, 'রণদা প্রসাদ সাহা ছিলেন সর্বকল্যাণে উৎসর্গিত একটি প্রাণ। এ স্মারক্য্যন্থ জাতির পক্ষ থেকে তাঁর স্মৃতির প্রতি নিবেদন। এটা কোন দায় মেটানো নয়। তাঁকে স্মরণ করার মধ্য দিয়ে জাতির হৃদয়ে যুগে যুগে প্রেরণা সঞ্চারিত হবে।'

আলোচনা অনুষ্ঠান শেষে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা সকলের প্রাণপ্রিয় জেঠামনির একান্ত পছন্দের কিছু গানের সঙ্গে মনোমুগ্ধকর নৃত্য পরিবেশনের মধ্য দিয়ে রণদা প্রসাদ সাহার স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে।

উল্লেখ্য, সর্বমোট ৭৫ জন লেখকের লেখায় সমৃদ্ধ রণদা প্রসাদ সাহা স্মারক্মস্থেটির সম্পাদনা পরিষদে আছেন অধ্যাপক ড. আনিসুজ্জামান, প্রতিভা মুৎসুদ্দি, ড. করুণাময় গোস্বামী, দ্বিজেন শর্মা, মফিদুল হক ও হেনা সুলতানা। সম্পাদনা সহযোগী নূপুর চন্দ্র সাহা, মো. গোলাম কিবরিয়া ও মোহাম্মদ ফারুক। প্রচ্ছদ এঁকেছেন শিল্পী কাইয়ুম চৌধুরী। গ্রন্থটি প্রকাশ করেছে ঢাকার সাহিত্য প্রকাশ। Mr Mofidul Haque spoke on behalf of the board of editors. Ms Protiva Mutussdy delivered vote of thanks on behalf of Kumudini Welfare Trust.

R P Shaha along with his son Bhavani Prasad Shaha were abducted by the Pakistan Army and their collaborators on 7 May 1971 during the liberation war. They never returned. At long last in 2002 their funeral rites were accomplished.

During the discussion the speakers highlighted R P Shaha's patriotism and his love for the suffering humanity. His life's work and achievement was also discussed along with his supreme sacrifice in our war of liberation.

Justice Muhammad Habibur Rahman in his speech said that to R P Shaha there was no difference between a Hindu or a Muslim and the same feeling should also be with us. The communal violence that we see today can only be overcome if we follow the ideals of R P Shaha. We tend to love our country more for we had people like R P Shaha who were born in our motherland. Through business ventures R P Shaha made a lot of money. Though he belonged to the Hindu community he did not leave for India after partition like many other affluent members of his community. We feel proud of him being a Bangladeshi.

At the end of discussion meeting the students of Bharateswari Homes presented a cultural show. The show comprised of songs which were R P Shaha's favorite. Through song and dance the students paid tribute to the founder of Kumudi Trust.

A total of 75 individuals contributed writings for the Smarakgrantha. The board of editors comprised Professore Dr Anisuzzaman, Ms Protiva Mutsuddy, Dr Karaunamoy Goswamy, Mr Dwijen Sharma, Mr Mofidul Haque and Ms Hena Sultana. The associate editors were Nupur Chandra Saha, M Golam Kibria and Muhammed Farooque. Cover design was by artist Quayyum Chowdhury. The book was published by Shahitya Prakash of Dhaka.



'Ranada Prasad Shah Smarakgrantha' Publication Ceremony



Kumudini

Justice Muhammad Habibur Rahman speaking as the Chief Guest



A view of the audience



Dr. Karunamoy Goswami



Dr. Anisuzzaman delivering the Presidential speech



the state of the s

Students of Homes participating in the second session of the ceremony



### প্রয়াত রাষ্ট্রপতি মো. জিল্পুর রহমান স্মরণে ভারতেশ্বরী হোমসে শোক ও প্রার্থনা সভা

### Condolence and Prayer Meeting in memory of late President M Zillur Rahman

Kumudini



Prayer in silence at PPM Hall of Bharateswari Homes in memory of late President M Zillur Rahman

প্রয়াত রাষ্ট্রপতি মো. জিল্পুর রহমানের স্মরণে সমাবেশ, শোক ও প্রার্থনার আয়োজন করেছে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা। গত ২৩ মার্চ রাষ্ট্রপতির মহাপ্রয়াণ উপলক্ষে তিন দিনের রাষ্ট্রীয় শোক পালনের শেষ দিন ভারতেশ্বরী হোমস এ অনুষ্ঠান পালন করে। তিন দিনের রাষ্ট্রীয় শোক পালনের অংশ হিসেবে কুমুদিনী কমপ্লেক্সে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। উল্লেখ্য, গত ২০ মার্চ সিঙ্গাপুরের একটি হাসপাতালে চিকিৎসাকালে ৮৪ বছর বয়সে মহামান্য রাষ্ট্রপতি মো. জিল্পুর রহমান ইন্তেকাল করেন।

ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে মহামান্য রাষ্ট্রপতির বিদেহী আত্মার শান্তি কামনায় পবিত্র চার ধর্মগ্রন্থ থেকে পাঠ শেষে এক মিনিট নিরবতা পালনের মাধ্যমে প্রার্থনা করা হয়। প্রয়াত রাষ্ট্রপতির শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা ও শোক জানিয়ে কুমুদিনী পরিবারের পক্ষে ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি বলেন, মো. জিল্লুর রহমান ছিলেন গণতন্ত্রের বাতিঘর। তিনি কখনো অন্যায়ের কাছে মাথা নত করেননি। অন্যায়ের সঙ্গে আপস করেন নি। জাতির ক্রান্তিকালে তিনি তাঁর দলকে ঐক্যবন্ধ রেখেছেন। কোন লোভ লালসা তাঁকে স্পর্শ করতে পারেনি। একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্রী শিরিন জামান দেশমাতৃকার প্রতি নিবেদিত প্রাণ এ মহান নেতার জীবনী আলোচনাকালে বলেন যে, মো. জিল্লুর রহমান ছিলেন আমদের জাতির অভিতাবক। তাঁর জীবন আমাদের সক্ষরে অনুকরণীয়। আমি এই মহান বীরমুক্তিযোদ্ধার প্রতি গভীর শ্রদ্ধা জানাই। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারতেশ্বরী হোমসের শিক্ষক শিক্ষিকা ও ছাত্রীবৃন্দ। The teachers and students of Bharateswari Homes arranged a condolence and prayer meeting in memory of late President M Zillur Rahman. This was observed on the last day of three-day state mourning on 23rd March 2013. The national flag was flown at half mast. The President passed away at the age of 84 at a hospital in Singapore on 20 March 2013 while undergoing treatment.

One minute silence was observed in memory of late President M Zillur Rahman following recitation from four Holy Books at the PPM Hall of Bharateswari Homes. On behalf of Kumudini family Director Ms Protiva Mutsuddy spoke on the meeting depicting the life long struggle of the President for the cause of the country. The participants prayed for the salvation of the departed soul and expressed sympathy for the bereaved family.



### জাতির জনকের জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস পালিত

### Birth Anniversary of the Father of the Nation and National Children's Day Observed

গত ১৭ মার্চ রবিবার ভারতেশ্বরী হোমসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৪তম জন্মদিন পালন করা হয়। এ উপলক্ষে নানা কর্মসূচির আয়োজন করা হয়। The 94th birth anniversary of the Father of the Nation Bangabandu Sheikh Mujibur Rahman was celebrated at the PPM Hall of Bharateswari Homes on 17 January



Students of Homes performing in the musical sketch Our Bangladesh

সকাল ১০ ঘটিকায় ভারতেশ্বরী হোমস ক্যাম্পাসের পিপিএম হলে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা দিয়ে দিন ব্যাপী কর্মসূচি শুরু হয়। প্রদর্শিত হয় হোমসের ছাত্রীদের শরীর চর্চা।

সন্ধ্যা সাড়ে ছ'টায় অনুষ্ঠিত হয় জাতির জনকের জীবন ভিত্তিক আলোচনা সভা। আলোচনায় অংশ নিয়ে দশম শ্রেণির ছাত্রী মুবাশ্বিরা কিবরিয়া বলে, শিশুদের প্রতি বঙ্গবন্ধুর মমতা ছিল অপরিসীম। তাই তাঁর জন্মদিনকে শিশুদের জন্য উৎসর্গ করে 'জাতীয় শিশু দিবস ঘোষণা করা হয়েছে'। শেখ মুজিবের কথা মনে হলেই চোখে ভেসে ওঠে একটি সবুজ জমিনে রক্তলাল পতাকা, যা পত পত করে উড়তে উড়তে জানিয়ে দেয়, বাঙালিকে 'দাবায়ে' রাখা যাবে না। ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে মৃতিচারণা করেন ভারতেশ্বরী হোমসের উপাধ্যক্ষ মো. গোলাম কিবরিয়া। সভাপতির ভাষণে অধ্যক্ষা প্রফেসর মনিকা দেবী বড়ুয়া বলেন, বঙ্গবন্ধু ছিলেন নির্যাতিত নিপীড়িত বাঙ্গালির ত্রাতা ও মুক্তির দিশারী।

উক্ত সান্ধ্য অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা পরিবেশন করে গীতি আলেখ্য 'আমাদের বঙ্গবন্ধু'। এতে ধারা বর্ণনায় ছিল একাদশ শ্রেণির ছাত্রী শিরিন জামান। আবৃত্তি অংশে ছিল আদিবা তাবাসসুম। সবশেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের ফটেজ প্রত্যক্ষ করে নবীন প্রজন্মের ছাত্রীরা অত্যন্ত উদ্দীপ্ত হয়। 2013. The day long program started at 10 in the morning with children's painting competition. It was followed by physical display by the students of Homes. In the evening there was a discussion on the life of the

Father of the Nation. Participating in the discussion, Mubashwira Kibria a student of class X said, Bangabandhu had immense love for the children. Therefore, his birthday is dedicated to be observed as 'National Children's Day'. As one remembers Bangabandhu, the ever fluttering red and green flag of Bangladesh comes to one's mind. Mr M Golam Kibria the Vice Principal of Bharateswari Homes remembered Bangabandhu from his personal experience. Prof Monica Devi Barua the Principal of Bharateswari Homes presided over the function. In her speech she said that Bangabandhu stood by the oppressed Bengalees and he showed us the path to freedom.

In the second part of the program in the evening, the students of Bharateswari Homes presented a musical sketch 'Our Bangabandhu'. At the end the students were inspired to hear and see the footage of Bangabandhu's historic speech delivered on the 7th of March 1971.





### Sixty Ninth Birth Anniversary of Shaheed Bhavani Prasad Shaha Celebrated

### শহীদ ভবানী প্রসাদ সাহার ৬৯তম জন্মবার্ষিকী পালিত



Observance of 69th birth anniversary of Shaheed Bhavani Prasad Shaha

পহেলা জানুয়ারি মঙ্গলবার সন্ধ্যা ৬ টায় ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে দানবীর রণদা প্রসাদ সাহার শহীদ পুত্র ভবানী প্রসাদ সাহার ৬৯তম শুভ জন্মদিন উপলক্ষে একটি স্মরণ সবার আয়োজন করা হয়। এ দিন ভারতেশ্বরী হোমস সেজে ওঠে নতুন সাজে। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন শহীদ ভবানী প্রসাদ সাহার স্ত্রী কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা।

পিতা দানবীর রণদা প্রসাদ সাহা ও পুত্র ভবানী প্রসাদ সাহা ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালীন ৭ মে শহীদ হন। অনুষ্ঠানে স্মৃতিচারণ করেন কুমুদিনীর পরিচালক (শিক্ষা) প্রতিভা মুৎসুদ্দি, হোমসের প্রাক্তন অধ্যক্ষা মিস নেছা ও বর্তমান অধ্যক্ষা মণিকা দেবী বড়ুয়া। তাঁদের স্মৃতিচারণায় ভবানী প্রসাদ সাহা (সকলের প্রিয় রবিদা) বর্তমান প্রজন্মের কাছে মূর্ত হয়ে ওঠেন। এছাড়া তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে বক্তব্য রাখেন ভারতেশ্বরী হোমসের উপাধ্যক্ষ মো. গোলাম কিবরিয়া, ডাক্তার প্রদীপ কুমার রায় প্রমুখ। A remembrance meeting was arranged at the PPM Hall of Bharateswari Homes in the evening of 1st January on the occasion of 69th birth anniversary of Shaheed Bhavani Prasad Shaha, son of philanthropist Ranada Prasad Shaha. On the occasion Bharateswari Homes was tastefully decorated. The Chief Guest of the occasion was Mrs Srimati Shaha, Director of Kumudini Welfare Trust and wife of Shaheed Bhavani Prasad Shaha.


Philanthropist Ranada Prasad Shaha and his son Bhavani Prasad Shaha also known as Robi were abducted by the Pakistan Army and their collaborators on 07 May 1971. They never returned. On the occasion Bhavani Prasad was remembered by Ms Protiva Mutsuddy, Director (Education), Miss Nesa and Principal Monika Devi Barua. Remembrance speeches by the speakers made the new generation feel as if he was alive. Vice Principal of Bharateswari Homes Mr Golam Kibria, Superintendant of Kumudini Hospital Dr Pradip Kumar Roy among others paid rich tributes to Shaheed Bhavani Prasad Shaha.



# কুমুদিনী পরিদর্শনে আইন প্রতিমন্ত্রী

#### State Minister for Law Visits Kumudini

কুমুদিনী ও ভারতেশ্বরী হোমসের পরিবেশ, নিয়ম–শৃঙ্খলা দেখে মুদ্ধতা প্রকাশ করেন বাংলাদেশ সরকারের আইন প্রতিমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম। গত ১৬ ফেব্রুয়ারি শনিবার সকাল ৯টায় আইন প্রতিমন্ত্রী কুমুদিনী কমপ্লেক্সে এসে এখানকার বিভিন্ন স্থাপনা প্রত্যক্ষ করেন। এর আগে তাঁকে ফুলেল গুভেচ্ছা জানানো হয় The State Minister for Law Advocate Kamrul Islam visited Kumudini Hospital & Complex on 16 February 2013. The Minister was pleased to see and observe the clean environment and discipline at the complex. On arrival he was greeted with flowers at the Library premises.



The State Minister for Law Advocate Kamrul Islam while visiting Kumudini Complex at Mirzapur

কুমুদিনীর লাইব্রেরি চত্বরে। এসময়ে উপস্থিত ছিলেন কুমুদিনী ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও শ্রীমতী সাহা, কুমুদিনী হাসপাতাল এন্ড মেডিক্যাল কলেজের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, কুমুদিনী উইমেঙ্গ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. আব্দুল হালিম, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষ মনিকাদেবী বড়ুয়া ও উপাধ্যাক্ষ মো: গোলাম কিবরিয়া, উপজেলা নির্বাহী অফিসার প্রমুখ। সবশেষে আইন প্রতিমন্ত্রী ভারতেশ্বরী হোমসে ১৫ ফেব্রুয়ারি অনুষ্ঠিত সরস্বতী পূজার মন্ডপটি ঘুরে দেখেন। এ সময়ে তিনি জেনে খুশি হন যে, এখানে কেবল পূজা অর্চণাই নয় ঈদ, ঈদ-ই-মিলাদুননবী, বড়দিন, বৌদ্ধপূর্ণিমাসহ সকল ধর্মের অনুষ্ঠান পালিত হয় যথাযোগ্য মর্যাদায়।

Those present on the occasion were: Directors of Kumudini Trust Ms Protiva Mutsuddy and Mrs Srimati Shaha, Director Hospital Dr Dulal Chandra Poddar, Principal Kumudini Medical College Prof Dr Abdul Halim, Principal and Vice Principal of Bharateswari Homes Monica Devi Barua and M Golam Kibria respectively and the Upzila Nirbahi Officer. The Minister visited a pavilion where on the day before 'Saraswati Puja' was celebrated. The Minister was happy to note that not only Puja, all other religious festival like Eid–e-Milad un Nabi, Christmas Day, Buddha Purnima are being celebrated here with equal fervor.



### PM's Advisor Prof. Gowher Reezvi at Annual Prize Distribution Ceremony of BH

হোমসের বার্ষিক মেধা পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর উপদেষ্টা প্রফেসর গওহর রিজভী



Prof. Gowher Reezvi, the Int'l Affairs Advisor to the Hon'ble Prime Minister, with a section of the prize winning students. (From **Right**) Mr. Rajiv Prasad Shaha, MD, KWT, Mr. Md. Akabbar Hossain MP, Ms Protiva Mutsuddy, Director, KWT, Mrs Srimati Shaha, Director, KWT and Prof. Monika Devi Barua, Principal Bharateswari Homes are seen in the picture.

ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে গত ২৪ জানুয়ারি বৃহস্পতিবার বিকেল ৪টায় ছাত্রীদের বার্ষিক মেধা পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হয় মহাসমারোহে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা প্রফেসর গওহর রিজভী। বিশেষ অতিথি ছিলেন মাননীয় সংসদ সদস্য মো. একাব্বর হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা প্রফেসর মণিকা দেবী বড়ায়।

মূল অনুষ্ঠানের শুরুতে অধ্যক্ষা বাংলাদেশের মহান স্বাধীনতার বেদীমূলে পুত্র ভবানী প্রসাদ সাহাকে নিয়ে দানবীর রণদা প্রসাদ সাহার আত্মত্যাগের কথা স্মরণ করেন। সেই সাথে তিনি লাখো শহীদের বিদেহী আত্মার শান্তি কামনা করে প্রতিষ্ঠানের বার্ষিক কার্যধারার সংক্ষিপ্ত প্রতিবেদন পাঠ করেন।

যে সব ছাত্রী মেধা অনুসারে সরকারি বৃত্তি পায় এবং পরীক্ষায় কৃতিত্ব অর্জন করে তাদেরকে কুমুদিনী এ্যওয়ার্ড প্রদান করে উৎসাহিত করা হয়। এ বছর কুমুদিনী এ্যওয়ার্ড–এর তালিকায় ছিল ২৪ ছাত্রী। এ ছাড়া ছাত্রীদের জয়বিষ্ণু ফাউন্ডেশন, শৈলকিরণ ফাউন্ডেশন ও প্রীতিময় চানক্য বৃত্তিও এ অনুষ্ঠানে প্রদান করা হয়। The annual prize distribution ceremony of the Bharateswari Homes (BH) was held on 24 January 2013. The chief guest of the ceremony was Prof Gowher Reezvi, the Int'l Affairs Advisor to the Hon'ble Prime Minister. Mr Md Akabbar Hossain MP was present as the special guest. The function was presided over by the Principal of BH Prof Monica Devi Barua.

At the beginning of the program the Principal paid rich tributes to the memory of philanthropist R P Shaha and his son Bhavani Prasad Shaha who sacrificed their lives for the independence of the country. She also remembered the millions of shaheeds and prayed for the peace of their departed souls before presenting a short report on the preceding year's activities.

Those students who get government scholarship and do well in the examination are given Kumudini Award as an encouragement. This year 24 students received Kumudini Awards. At this program the students were also given award from Joi Bishnu Foundation, Shailokiron Foundation, and Pritimoy Chanakya Scholarship.



দানবীর রণদা প্রসাদ সাহার কন্যা জয়াপতি ও জামাতা ডাক্তার বিষ্ণুপদ পতি বর্তমানে ইংলান্ডে বসবাসরত। মিসেস জয়াপতি ভারতেশ্বরী হোমসের এক সময় অধ্যক্ষা ছিলেন এবং ১৯৭১ সাল থেকে ১৯৯৯ সাল পর্যন্ত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের পদে আসীন ছিলেন। ডা. বিষ্ণুপদ পতি ছিলেন কুমুদিনী হাসপাতালের কর্ণধার। তাঁদের যৌথ নামে ভারতেশ্বরী হোমসের মেধাবী ছাত্রীদের বৃত্তি দেয়ার জন্য জয়বিষ্ণু ফাউন্ডেশন গঠন করা হয়। এ বছর জয়বিষ্ণু ফাউন্ডেশন থেকে ৩৪ ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে।

ভারতেশ্বরী হোমসের অবসরপ্রাপ্ত অধ্যক্ষা বর্তমানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি শৈলকিরণ ফাউন্ডেশন গঠন করেন ২০০২ সালে। ভারতেশ্বরী হোমসের মেধাবী ছাত্রীদের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ফাউন্ডেশনটির আওতায় হোমসের প্রাক্তন ছাত্রী নন্দিতা বড়ুয়ার বাবা ও মায়ের নামে প্রীতিময়ী চানক্য এককালীন বৃত্তি ৫ জন ছাত্রীকে প্রদান করা হয়। এছাড়া প্রথম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত মেধা অনুসারে ১৬৯ ছাত্রী পুরস্কার অর্জন করে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ছাত্রীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন প্রধান অতিথি প্রফেসর গওহর রিজভী, বিশেষ অতিথি সংসদ সদস্য মো. একাব্বর হোসেন, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি।

পুরস্কার বিতরণী অনুষ্ঠান উপলক্ষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এতে অংশগ্রহণ করে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা।

### কেপিএল–এর বার্ষিক বিক্রয় সম্মেলন

গত ২৪ জানুয়ারি ২০১৩ ঢাকার অদূরে আগুলিয়ায় ফ্যান্টাসি কিংডম কমপ্লেক্সে কুমুদিনী ফার্মা লি: (কেপিএল)- এর বিগত বছরের বার্ষিক বিক্রয় সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, চিফ কোঅর্ডিনেটর রাহাত ফয়সাল, ট্রাস্টের জেনারেল ম্যানেজার মাহবুব আল নূর, কুমুদিনী পোর্ট লি:-এর সিইও কমডোর মোহাম্মদ ফারুক, কেপিএল-এর সিওই অলিক কৃষ্ণ রায় প্রমুখ।

অনুষ্ঠানের সূচনা হয় পবিত্র কোরআন তেলাওয়াত, পবিত্র গীতা ও পবিত্র ত্রিপিটক পাঠের মাধ্যমে। এরপর কেপিএল–এর সাবেক এইচআর কর্মকর্তা মরহুম মীর আসাদুল হকের বিদেহী আত্মার প্রতি শান্তি কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়। সম্মেলনে কেপিএল–এর বিভিন্ন দণ্ডরের পাঁচ শতাধিক কর্মকর্তা–কর্মচারী অংশ নেন যাদের মধ্যে অধিকাংশই ছিলেন কোম্পানির ১১টি বিক্রয় অঞ্চলে কর্মরত প্রতিনিধিবৃন্দ।

সম্মেলনে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা তাঁর ভাষণে সম্মেলনে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, আর দশটি প্রতিষ্ঠানের মতো কুমুদিনী স্রেফ একটি ব্যবসা Mrs Joya Pati daughter of philanthropist R P Shaha and her husband Dr Bishnupad Pati are presently residing in England. Mrs Joya Pati was once the Principal of BH and she was also the Managing Director of Kumudini Welfare Trust from 1971 to 2000. Dr Bishnupad Pati was the Superintendant of the Kumudini Hospital. Joy Bishnu Foundation was set up in their name to offer scholarship to meritorious students. This year 34 students got award from this foundation.

In 2002 the Shailo Kiron Foundation was instituted by Ms Protiva Mutussdy the former Principal of BH. Pritimoy Chanakya award was instituted by Nandita Barua a former student of BH which is named after her parents. In addition 169 students from Class I to Class XII received awards.

The award distribution ceremony was addressed by Prof Gowher Reezvi, Mr Md Akkabar Hossain, Mr Rajiv Prasad Shaha and Ms Protiva Mutsuddy. A cultural program was also arranged by the students. Among others Mrs Srimati Shaha Director Kumudini Welfare Trust, Dr Dulal Chandr Poddar Director Hospital, senior officers of the Trust and Mirzapur Upazila Nirbahi Officer were also present.

### Annual Sales Conference of KPL

Annual Sales Conference: 2012 of KPL was held at Fantasy Kingdom Complex at Ashulia near Dhaka. Among others MD of Kumudini Welfare Trust (KWT) Mr Rajiv Prasad Shaha, Chief Coordinator Mr Rahat Faisel, GM of KWT Mr Mahbub Al Nur, CEO Kumudini Ports Ltd Commodore Muhammed Farooque (Retd) and COE KPL Mr Alik Krishna Roy were present.

The function commenced with the recitation from Holy Books: the Koran, the Gita, and the Tripitak. One minute silence was observed in memory of late Mir Asadul Haque, ex HR officer of KPL. More than 500 officers and employees representing different departments of KPL participated in the conference. Most participants were from the 11 sales regions of the company spreading all over the country.

The conference was addressed by MD of KWT Mr Rajiv Prasad Shaha who thanked the participants and said that like other companies Kumudini was not just



Mr. Rajiv Prasad Shaha, MD, KWT (second from the Left), Mr, Rahat Faisel, Chief Coordinator, KWT, Mr. Mahbul Al Nur, GM, KWT and Mr. Alik Krishna Roy, COE, KPL (first from the Left) are seen on the dais

প্রতিষ্ঠান নয়। এর প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা আজ থেকে ৬৬ বছর আগে ১৯৪৭ খ্রিস্টাব্দে মানবসেবার মহান ব্রত নিয়ে 'কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল' প্রতিষ্ঠা করেন, যদিও এর মূল কর্মকান্ড শুরু হয়েছিল ১৯৩৮ খ্রিস্টাব্দে কমুদিনী হাসপাতাল, ভারতেশ্বরী হোমস ও শোভাসুন্দরী ডিসপেনসারি স্থাপনের মধ্য দিয়ে। তিনি উল্লেখ করেন যে, প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি এই ট্রাস্ট জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সকলের সেবায় নিবেদিত রয়েছে। চিকিৎসা, নারীশিক্ষাসহ বিভিন্ন কল্যাণমুখী কাজে নিঃস্বার্থভাবে কাজ করে যাচ্ছে এই প্রতিষ্ঠান। তিনি কেপিএল- এর কর্মীদের উদ্দেশ্যে বলেন যে, এমন একটি সেবামূলক প্রতিষ্ঠানের একটি কোম্পানিতে চাকরি করে প্রকারান্তরে আপনারা মানবসেবাকর্মের সাথেই নিজেদের সম্পক্ত রেখেছেন। তাই কেপিএল–এর উন্নতির সঙ্গে আপনাদের ভাগ্য যেমন জড়িত তেমনি দুস্থ মানবতার কল্যাণও জড়িত। এ কারণে আপনারা কমদিনী পরিবারের সদস্য হিসেবে গর্ববোধ করতে পারেন। তিনি প্রসঙ্গক্রমে সংশ্লিষ্ট সকলকে কেপিএল–এর প্রবন্ধির প্রতি আরও যত্নবান হওয়ার আহবান জানান।

সম্মেলনে এর আগে স্বাগত ভাষণ দেন কেপিএল–এর মার্কেটিং ম্যানেজার মোঃ রফিকুজ্জামান। তিনি তাঁর আলোচনায় ২০১২ সালের টার্নওভার এবং ২০১৩ সালের বাণিজ্য পরিকল্পনার ওপর নাতির্দীঘ আলোকপাত করেন। বিগত ২০১১ ও ২০১২ সালের টার্নওভারের তুলনামূলক আলোচনা করে তিনি জানান যে, সদ্যসমাপ্ত বছরে কোম্পানি বিক্রয়ের ক্ষেত্রে ৪৩ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে।

সন্দেলনে মাঠ পর্যায়ে বিক্রয় ক্ষেত্রে অবদানের জন্য ৩০ কর্মকর্তাকে পুরস্কৃত করা হয়। এদের মধ্যে রয়েছেন ১৫ এমপিও, ৫ ফিল্ড ম্যানেজার ও ৩ আরএসএম। এছাড়া বিশেষ অবদানের জন্য ৪ এবং a business house. The founder, the great philanthropist Ranada Prasad Shaha had set up KWT for the noble cause of serving humanity almost 66 yrs ago in 1947. Informal activities of the Trust started long ago in 1938 with the setting up of Shova Sundari Dispensary and Bharateswari Homes. He said that since inception the Trust has been providing service to all irrespective of caste, creed or religion. The establishment is working relentlessly in the field of health, women's education and other services. He also said that working in one of the institutions of such a welfare organization is like being a partner in welfare activities. Development of KPL means change of fate of the employees as well as those whom we serve. Therefore one could be proud of being a member of the Kumudini family. He requested all to take more interest in the growth of KPL.

Earlier the Marketing Manager of KPL Mr Rafiquzzaman delivered address of welcome. He spoke at length on the turnover of 2012 and business plan for 2013. Comparing the turnover in 2012 and 2013, he said that there has been a sales growth of 43% in 2012.

Thirty officers of KPL from the field level were rewarded for their contribution in sales. Among them were 15 MPOs, 5 Field Managers and 3 RSMs. In addition 3 persons were rewarded for special contribution and other 3 persons for achievement of closure of sales accounts in advance. Kumudini C A R E S

> আগাম বিক্রয়লব্ধ হিসাব সমাপ্তকরণে কৃতিত্বের জন্য ৩ কর্মকর্তাকেও পুরস্কৃত করা হয়।

> পুরক্ষারপ্রাপ্ত ১৫ জনের মধ্যে প্রথম তিন এমপিও হলেনঃ মোঃ জাহিদ হোসেন (আগুলিয়া-১), আবু সাঈদ (সখিপুর-২) ও মো. আরিফুল ইসলাম (মানিকগঞ্জ-১)। পুরক্ষারপ্রাপ্ত পাঁচ জনের মধ্যে প্রথম তিন ফিল্ড ম্যানেজার হলেনঃ তুহিন কুমার চৌধুরী (টাংগাইল-এ), মো. গিয়াস উদ্দিন (সখিপুর) ও মো. ফিরোজ উদ্দিন পাটোয়ারী (চাঁদপুর)। পুরক্ষারপ্রাপ্ত তিন আরএসএম হলেনঃ রতন কুমার সাহা (ঢাকা-এ), সিদ্ধার্থ শঙ্কর সাহা (টাংগাইল) ও আবুল কালাম আজাদ (ঢাকা-এ), সিদ্ধার্থ শঙ্কর সাহা (টাংগাইল) ও আবুল কালাম আজাদ (ঢাকা-বি)। বিশেষ পুরক্ষার প্রাপ্তরা হলেনঃ মো. শামসুল কবির (এএম, মির্জাপুর), রতন কুমার সূত্রধর (এসএমপিও, মির্জাপুর-৪), মো. দবিরুল ইসলাম (এসএমপিও, পাকুল্লা) ও মো. মিজানুর রহমান (এফএম, মির্জাপুর-২)। সর্বাগ্রে হিসাব সমাপ্তকরণের কৃতিত্ব প্রদর্শনের জন্য যারা পুরস্কার পেয়েছেন তারা হলেনঃ গোলাম মোস্তফা (এসএমপিও, পেকুয়া), শাহাদাত হোসেন (এসএমপিও, ছাগলন-াইয়া) ও সাইফুল ইসলাম শামীম (এমপিও, টঙ্গীবাড়ি)।

Of the 15 MPOs who were rewarded the first 3 are: Zaheed Hossain (Ashulia-1), Abu Sayed Md (Shakipur-2) and Md Ariful Islam (Manikganj-1). The first 3 of the 5 Field Managers who were rewarded are: Tuhin Kumar Chowdhury (Tangai-A), Md Giasuddin (Shakipur) and Md Firoz Uddin Patwary (Chandpur). The 3 RSMs who got award are: Ratan Kumar Saha (Dhaka-A), Shiddharta Sankar Saha (Tangail) and Abul Kalam Azad (Dhaka-B). Those who received special award are: MD Shamsul Kabir (AM, Mirzapur), Ratan Kumar Shutradhar (SMPO, Mirzapur-4), Md Dabibul Islam (SMPO, Md Mizanur Rahman Pakullah) and (FM. Mirzapur-2). Those who were rewarded for closing the account earliest are: Golam Mustafa (SMPO, Pakua), Shahadat Hossain (SMPO, Chhagalnaia) and Saiful Islam Shamim (MPO, Tungibari).

# কেপিএল–এর আরও দুটি নতুন ওষুধ বাজারজাত

### Launching of Two More Medicinal Products by KPL



Torvas and Zifonyl

কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল) চলতি বছরের মার্চ মাসে টরভাস ও জিফোনিল নামে দুটি ওষুধ বাজারজাত করেছে।

টরভাস (এ্যাটোরভাস্ট্যাটিন) নামে ১০ মিলিগ্রামের ট্যাবলেট আকারের স্বল্পমাত্রার ওষুধটি একই সঙ্গে শরীরের ক্ষতিকারক কলেস্টেরল ও ট্রাইগ্রিসারাইডসের মাত্রাধিক্য হ্রাসে বেশ কার্যকর। এছাড়া হৃদযন্ত্র ও রক্তবাহী নাড়ীর রোগ যেমন হার্টএ্যাটাক, In March 2013 Kumudini Pharma Ltd (KPL) marketed two new medicines named Torvas and Zifonyl. Torvas is a 10 mg tablet of the Atorvastatin group which acts as reducer of the ill effects of cholesterol and triglycerides in the body. This medicine is also very effective against the risk of heart attack,



হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যাওয়ার প্রবণতা কিংবা স্ট্রোক জাতীয় রোগ প্রতিরোধে ওযুধটি বেশ ফলপ্রদ। মৃত্রের প্রোটিন ইউরিয়া কমাতে এবং ডায়াবেটিক এবং নন-ডায়াবেটিক রোগীর কিডনীর কর্মক্ষমতা ঠিক রাখতেও টরভাস একটি কার্যকর ওযুধ।

পক্ষান্তরে, ক্যাপসুল আকারের জিফোনিল নামের ওষুধটি হচ্ছে সন্তানসম্ভবাসহ সকল মায়ের জন্য তিন উপাদানের একটি সংমিশ্রিত ওষুধ। গর্ভধারণপূর্ব, গর্ভাবস্থা কিংবা প্রসবোত্তরকালে যে মায়েরা সাধারণত আয়রন, ফলিক এসিড ও জিংক ঘাটতিজনিত সমস্যায় ভোগেন তাদের চিকিৎসার জন্য জিফোনিল ক্যাপসুল অত্যস্ত কার্যকর।

উল্লেখ্য, এর উপাদানসমূহ হচ্ছে: কার্বোনাইল আয়রন ৫০০ মিঞ্চ্রাঃ, ফলিক এসিড ০.৫ মিঞ্চ্রাঃ এবং জিংক সালফেট মনোহাইড্রেট ৬১.৮ মিঞ্চ্রাঃ। প্রতিটি বক্সে রয়েছে ৫০টি করে ক্যাপসুল। stoppage of the functioning of the heart and stroke. Torvas is effective in maintaining kidney function of diabetic and non diabetic patients and reduction of protein urea in urine.

On the other hand Zefonyl in the form of capsule is medicine comprising three elements for pregnant women and mothers. Zefonyl is highly effective for pre-pregnancy, during pregnancy and post delivery situations when women suffer from deficiency of iron, folic acid and zinc. The constituents of this medicine are: 500 mg iron, 0.5 mg folic acid and 61.8 mg zinc sulfate monohydrate. Each box contains 50 capsules.

## ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা

#### Mother Language, homage



The MD of KWT is participating in the 'Letters to the Martyrs' programme launched by Bharateswari Homes in observance of International Mother Language Day and Shaheed Day.

ভাষার প্রতি ভালোবাসা, ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন আর ৭১-এর মানবতা বিরোধী অপরাধের সর্বোচ্চ শান্তির দাবি জানিয়ে এবার কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে ভারতেশ্বরী হোমসের সবুজ প্রাঙ্গণে অন্যরকম এক আবহে পালিত হল মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বায়ান্নের অমর ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে গত ২১ ফেব্রুয়ারি বৃহস্পতিবার রাত ১২.১ মিনিটে ভারতেশ্বরী হোমস, কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজ এবং কুমুদিনী উইমেন্স মেডিক্যাল কলেজের ছাত্রীরা প্রভাত ফেরিতে International Mother Language Day and Shaheed Day was observed at Bharateswari Homes (BH) on 21 February. On the occasion, expression of love for Mother Language, homage to language martryrs and demand for maximum punishment for those who committed genocide against humanity in 1971 was reiterated. At one minute past midnight of 21st February, students from Bharateswari Homes,



একুশের গান গাইতে গাইতে সমবেত হয় শহীদ মিনারে। এ উপলক্ষে কুমুদিনী হাসপাতালের প্রধান ফটকে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। সকাল ৭ ঘটিকায় জাতীয় পতাকা উত্তোলন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

বাঙালির আত্মত্যাগের অহংকারে ভাস্বর এদিনটি পালিত হয়েছে নানা আনুষ্ঠানিকতায়। শোকের গভি পেরিয়ে জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সবার প্রাণের উৎসবের দিন হিসেবেই পালিত হয়েছে দিবসটি। ভারতেশ্বরী হোমসে দিবসটি উদ্যাপন করার জন্য আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠান, আবৃত্তি, হাতের লেখা প্রতিযোগিতা, দেয়াল পত্রিকা প্রকাশ এবং ভাষা শহীদদের উদ্দেশ্যে লেখা চিঠি প্রদর্শন ও আলোচনা সভা।

ভারতেশ্বরী হোমসে অনুষ্ঠান ওরু হয় জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে। এ সময় সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। এরপর অতিথিবন্দ একে একে শহীদ মিনারে পুষ্পস্তবক দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। ভারতেশ্বরী হোমসের ছাত্রী প্রতিনিধি দল ধীর গতিতে শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করে। আলোচনা সভায় কুমুদিনীর পরিচালক শ্রীমতী সাহা তাঁর বক্তব্যে বলেন, ৪২ বছর পর শাহবাগ চতুরে তরুণরা জেগেছে বসন্তের ফুল নিয়ে, অগ্নিঝরা আবেগ নিয়ে। এই তরুণদের পর্বসরীরাই একদিন সংগ্রাম করে বাংলা ভাষাকে প্রতিষ্ঠিত করেছিল, তারাই আবার জেগেছে বাংলাদেশকে জাগাতে। কুমুদিনীর পরিচালক (শিক্ষা) ভাষাকন্যা প্রতিভা মুৎসুদ্দি বলেন, ভাষা আন্দোলনের শুরুটা হয়েছিল ১৯৪৮ সালে আর তরুণরাই ছিল এই আন্দোলনের প্রথম উদ্যোক্তা। নানা চড়াই উৎরাই পেরিয়ে ১৯৫২ সালে এই আন্দোলন চূড়ান্ত পরিণতি লাভ করে, ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি সৃষ্টি হয় মাতৃভাষার দাবিতে প্রাণদানের মতো অনন্য ইতিহাস। এর ফলশ্রুতিতে বাংলাভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে গ্রহণ করতে বাধ্য হয় পাকিস্তানি শাসকরা। কার্জন হলের মাত্র কয়েকজন তরুণ ৪৮ সালে যে আন্দোলন শুরু করেছিল চার বছরের মাথায় তা পাকিস্তান রাষ্ট্রের ভিত কাঁপিয়ে দিয়েছিল, রোপণ করেছিল স্বাধীনতার বীজ, আর আজ সেই ২১শে ফেব্রুয়ারি সারা বিশ্বে পালিত হয় 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে। শুরুটা ছোট আকারে কিন্তু অর্জনটা বিশাল ও অপরিমেয়। সেটি যেন আমরা ভুলে না যাই। আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা প্রফেসর মণিকা দেবী বডয়া ও উপাধ্যক্ষ মো. গোলাম কিবরিয়া। অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল ছাত্রীদের পরিবেশিত গীতি আলেখ্য। এটি শুরু হয় একুশের গান দিয়ে। গীতি আলেখ্যটি তাৎপর্যময় হয়ে ওঠে কাজী নজরুল ইসলামের

#### 'জয় হোক, জয় হোক সাম্যের জয় হোক সত্যের জয় হোক' এবং

হেমাঙ্গ বিশ্বাসের 'ওরা জীবনের গান গাইতে দেয়না' প্রভৃতি সমবেত সঙ্গীত পরিবেশনার মাধ্যমে। ভাষা আন্দোলন ও অধিকার আদায়ের ভাষা আমাদের কবিতাকে করে বেগবান। ছাত্রীবৃন্দের কবিতা আবৃত্তি উপস্থিত দর্শকদের মুগ্ধ করে। 'সাগ্নিক' নামের দেয়াল পত্রিকায় ভারতেশ্বরী হোমসের ক্ষুদে সাহিত্যিকরা তাদের ছোট ছোট কবিতা ও রচনায় ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে। শহীদদের উদ্দেশ্যে লেখা চিঠি প্রদর্শন ছিল একটি ব্যতিক্রম উপস্থাপনা।

'ভাষা আন্দোলনে বাঙালির আত্মত্যাগ নিয়ে এক দিকে যেমন আমরা গর্ব করতে শিখেছি তেমনি অন্যদিকে আমরা শহীদদের রক্তের ঋণ শোধ করার জন্য সব ধরনের অন্যায় ও শোষণের বিরুদ্ধে আমরা সোচ্চার হবো।' ছাত্রীদের এই শপথ গ্রহণের মাধ্যমে অনুষ্ঠানের সমান্তি টানা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনীর সর্বস্তরের কর্মকর্তাবৃন্দ। Kumudini Nursing School and College and Kumudini Women's Medical College assembled at the Shaheed Minar to pay respect to the martyrs of the 1952 language movement.

The day marking self-sacrifice by the proud Bengali nation was celebrated through different functions. Overcoming grief people from all walks of life irrespective of caste, creed and religion celebrated the day in a befitting manner. On the occasion the national flag was flown at half mast at the Kumudini main gate. The national flag was raised by Mr Rajiv Prasad Shaha, the Managing Director of Kumudini Welfare Trust.

At BH the day was observed by arranging cultural programmes which included recitation, hand writing competition, publication of wall magazine and letters written paying homage to the language martyrs and discussions.

The programme at BH began with the raising of the national flag during which the national anthem was sung in chorus. Immediately after, guests started placing floral wreaths at the Shaheed Minar as a mark of respect to the martyrs. Student representatives from BH placed wreaths. Director of Kumudini Welfare Trust Mrs Srimati Shaha said that after 42 years of country's independence the youth at Shahbag had risen up. The predecessors of these youth had once established Bangla through struggle and today these youth had awakened the nation again. Director of Kumudini Welfare Trust and recipient of Ekausha Award Protiva Mutsuddy said that the language movement was started in 1948 by the youth who were the pioneers. After a long struggle and finally on the 21st of February 1952 the youth had to lay down their lives to establish Bangla as a state language of Pakistan. In four years the movement that was started by a few youth from Curzon Hall of Dhaka University in 1948 shook the foundation of Pakistan and set the pace for independence. Today 21st February is observed as International Mother Language Day all over the world. It was a humble beginning but the ending was enormous. This is what we should not forget. Those who spoke on the occasion included Prof Monica Dev Barua and Mr Golam Kibria the Principal and Vice Principal respectively of BH.

The main attraction of the programme was a dance drama performed by the students. A wall magazine named 'Sagnik' was also brought out by the students. The programme ended with remembrance of the sacrifice of the language martyrs and a vow from the students to fight against all injustice and exploitation. Among others students, doctors, nurses and officers of Kumudini were present.

### **PHOTO FEATURE**



Prayer in memory of Jethima Kiran Bala Shaha, wife of Jethamoni Ranada Prasad Shaha, on her 24th death anniversary. The meeting was organized at PPM Hall of Bharateswari Homes on 12 Feb, 2013.



Holy Eid-e-Miladunnabi was celebrated by the Muslim teachers and students of Bharateswari Homes. On this occasion a Melad Mehfil was held on 25 January, 2013.



Director (Education) of Kumudini Welfare Trust Ms Protiva Mutsuddy delivering speech as the Chief Guest in the foundation anniversary and prize distribution ceremony of a girls' school at Brahmmanshasan in Tangail



# কুমুদিনী মহিলা মেডিক্যাল কলেজের ১৩তম ব্যাচের ছাত্রীদের নবীনবরণ ও পরিচিতি অনুষ্ঠান

কুমুদিনী উইমেন্স মেডিক্যাল কলেজের ২০১২-২০১৩ সেশন (১৩তম ব্যাচ)–এর নবাগত এমবিবিএস ও বিডিএস শিক্ষার্থীদের পরিচিতি অনুষ্ঠান সম্পন্ন হয়েছে গত ৫ ফেব্রুয়ারি মঙ্গলবার। কলেজ ক্যাম্পাসের ডা. বিষ্ণুপদ পতি হলে সকাল ১০টায় অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মো. আব্দুল হালিম। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কমদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (শিক্ষা) প্রতিভা মুৎসুদ্দি। 'আনন্দোলোকে মঙ্গল আলোকে'-এ রবীন্দ্রসঙ্গীতটি পরিবেশনার মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন হয়। সঙ্গীতটি পরিবেশন করেন কলেজের ছাত্রীরা। চার পবিত্র ধর্মগ্রন্থ থেকে নির্বাচিত অংশ পাঠ শেষে ছাত্রীদের উদ্দেশ্যে স্বাগত ভাষণ দেন শিক্ষকমন্ডলীর পক্ষ থেকে প্রফেসর ডা, জাহাঙ্গীর হোসেন। বক্তব্য রাখেন অনুষ্ঠানের বিশেষ অতিথি কুমুদিনী হাসপাতাল ও মেডিক্যাল কলেজের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার। নবীন ছাত্রীদের ফুল দিয়ে বরণ করে নেন অনুষ্ঠানের প্রধান অতিথি প্রতিভা মুৎসুদ্দি। ছাত্রীদের শপথ গ্রহণ করান কুমুদিনী উইমেন্স মেডিক্যাল কলেজের একাডেমিক উপদেষ্টা প্রফেসর ডা, এম এ জলিল। এছাডা বক্তব্য রাখেন প্রফেসর ডা, শামীম আদম, প্রফেসর ডা. খন্দকার শাহনেওয়াজ প্রমুখ। মেডিক্যাল কলেজের এমবিবিএস ১৩তম ব্যাচের ১১০ ও ডেন্টাল ২য় ব্যাচের ২৫ জন নবাগত শিক্ষার্থী পরিচিতি অনুষ্ঠানে অংশ নেন।

### Orientation of 1st Year MBBS & BDS Students Held

Orientation ceremony of new comers admitted into Kumudini Women's Medical College (KWMC) - both MBBS and BDS of 2012-2013 Session (13th Batch) was held on 05 February 2013. The programme held on the campus at Dr. B P Hall was presided over by Prof Dr M A Halim, Principal KWMC. Ms Protiva Mutsuddy, Director (Education) of KWT was the chief guest on the occasion. The function started with rendering of a Tagore song. Recitation was made from four Holy Books following which the welcome address on behalf of the teachers was made by Dr Jahangir Hossain. Dr Dulal Chandra Poddar, Director Kumudini Hospital spoke on the occasion. The newcomers were welcomed with flower bouquets by the chief guest Ms Protiva Mutussdy. Dr. M A Jalil, the academic advisor of the college conducted the oath taking ceremony of the students. Among others Prof Dr Shamin Adam and Prof Dr Shahnawaz also spoke. 110 students of 13th Batch of MBBS course and 25 students of 2nd BDS course participated in this ceremony.



The Orientation Ceremony of the first year MBBS & BDS students of Kumudini Women's Medical College for the session: 2012-2013



# বিশ্বরোগী ও স্বাস্থ্যকর্মী দিবস

### World Patient and Health Worker Day



Enkindling candle before inauguration of the World Patient and Health Worker Day

'গল ব্লাডারের সমস্যায় অনেকদিন ভুগছিলাম। জীবনের আশা ছেড়েই দিয়েছিলাম। কুমুদিনী হাসপাতালের ডাক্তারদের চিকিৎসা ও সেবিকা বোনদের পরম সেবা-যত্নে আমি সেরে উঠেছি। জীবন ফিরে পেয়েছি। আগামীকাল আমার ছুটি। চলে যাব রংপুর, গ্রামের বাড়ি। কোনোদিন এদিকে আসব কিনা জানি না। আজ এরকম একটি অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেরে নিজেকে ধন্য মনে করছি। কুমুদিনী হাসপাতালের সকলকে আজ কৃতজ্ঞতা জানাতে সুযোগ পেলাম।

১১ই ফেব্রুয়ারি বিকাল ৫.৩০ মিনিটে কুমুদিনী নার্সিং স্কুল প্রাঙ্গণে 'বিশ্বরোগী ও স্বাস্থ্যকর্মী দিবস' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ ভাবেই নিজের অনুভূতি ব্যক্ত করলেন সাব্বির আলী নামের একজন রোগী। তার মতো আরো কয়েকজন রোগী স্বল্প কথায় নিজেদের গভীর অনুভূতির কথা জানিয়ে হাসপাতালের চিকিৎসক ও সেবিকাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। সোরাবান বিবি জানালেন, 'এই দুর্মূল্যের বাজারে কুমুদিনী হাসপাতালে চিকিৎসার সাথে সাথে বিনামূল্যে তিন বেলা খাবার আমার জন্য সৌভাগ্যের। আমি কৃতজ্ঞতা জানাই দানবীর আর পি সাহার প্রতি, কৃতজ্ঞতা জানাই হাসপাতালের চিকিৎসক ও সেবিকাদের প্রতি'। কথাগুলো বলতে বলতে তিনি কেঁদে ফেলেন। 'Have been suffering from gall bladder problem since long. Thought I would not survive. Treatment provided by the doctors of Kumudini Hospital and the care and support of the nurses helped me get well. I got back my life. Tomorrow I leave for Rangpur, my village home. Don't know whether I will be back again. I am honored to be present in such a function. I have today been able to express my gratefulness to all at Kumudini Hospital'

This is how a patient named Mr Sabbir Ali expressed his feelings at the function organized at the Kumudini Nursing School premises to celebrate the "World Patient and Health Worker Day" on the 11th of February 2013. Like this patient a few others also expressed similar feelings showing gratefulness to the doctors and nurses of Kumudini Hospital. Another patient Mrs Shoraban Bibi said, in these days of economic hardship free treatment as well as three meals a day was something I was lucky to have. She burst into tears while expressing her gratefulness to the great philanthropist R P Shaha, the doctors and nurses of the hospital.



কুমুদিনী নার্সিং স্কুলের আয়োজনে ডাক্তার, নার্স ও রোগীদের সমাবেশে বিশ্বরোগী ও স্বাস্থ্যকর্মী দিবস পালন অনুষ্ঠানটি তাৎপর্যময় হয়ে ওঠে। অনুষ্ঠানের গুরুতে রোগীদের মঙ্গলার্থে পবিত্র চার ধর্মগ্রন্থ থেকে পাঠ ও মোমবাতি প্রজ্জলন করা হয়।

মাদার তেরেসা বলেছেন – 'নীরবতার ফল প্রার্থনা, প্রার্থনার ফল সেবা, সেবার ফল ভালবাসা, ভালবাসার ফল আনন্দ। সব ধর্মের বড় ধর্ম মানবসেবা। মানুষকে সেবা ও ভালবাসার মাধ্যমে আমরা সৃষ্টিকর্তাকে পেতে পারি।' কুমুদিনী হাসপাতালের একজন স্বাস্থ্যকর্মী এই কথাগুলো উচ্চারণ করে অনুষ্ঠান শুরু করলেন।

প্রচীনকালে রোগ ব্যাধিকে মানুষ ভয় পেত। কারো কঠিন অসুখ হলে সেটিকে কৃত পাপের ফল মনে করা হত। তাই রোগীকে দূরে সরিয়ে রাখা হত, পরিবার থেকে রোগীর প্রতি অমানবিক আচরণ করা হত। কিন্তু বর্তমানে বিজ্ঞানের উন্নতির সাথে সাথে চিকিৎসা বিজ্ঞানের বদৌলতে ও ব্যাপক শিক্ষার ফলে মানুষের মন মানসিকতা ও চিন্তা ভাবনায় লেগেছে প্রগতির ছোঁয়া। চিকিৎসকরা গবেষণার দ্বারা রোগ নির্ণয় করে তাকে জয় করছেন, রোগীকে সুস্থ করে তুলেছেন সেবা আর একান্ত ভালবাসায়।

অনুষ্ঠানের প্রধান অতিথি কুমুদিনী হাসপাতালের সুপারিনটেনডেন্ট ডাক্তার প্রদীপ কুমার রায় বলেন 'কোনো একটি বিশেষ দিন নয়, ডাক্তার ও স্বাস্থ্য কর্মীদের জন্য প্রতিদিনই এই দিবসটি পালন করতে হয়। ডাক্তার রোগীকে চিকিৎসা সেবা দিয়ে চলে যাবার পর সেবিকারা সর্বক্ষণ সেবা দিয়ে তাদের সুস্থ করে তোলেন।'

অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের মেট্রন সিস্টার দিপালী কোরাইয়া। কুমুদিনী নার্সিং স্কুলের প্রিসিপাল সিস্টার শেফালী সরকার অনুষ্ঠানের সভাপতির ভাষণে রোগীদের জন্য ঈশ্বরের কাছে আশীর্বাদ কামনা করেন। সবশেষে নার্সিং স্কুলের ছাত্রীরা কয়েকটি প্রার্থনা সংঙ্গীত পরিবেশন করেন।

### বছরের প্রথম দিন হোমসের শিক্ষার্থীদের হাতে নতুন বই

ইংরেজি নতুন বছর ২০১৩ সালের প্রথম দিন ছিল মঙ্গলবার। এ মঙ্গল দিবসে নতুন বই হাতে পেয়ে আনন্দে উৎফুল্ল হয়ে ওঠে দেশের প্রাথমিক ও মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীরা। বছরের প্রথম দিনটি ছিল তাদের কাছে বিশেষ আনন্দঘন একটি দিন। ইংরেজি নববর্ষের আনন্দের সঙ্গে এদিনে নতুন করে যোগ হয়েছে শিক্ষার্থীদের হাতে নতুন বই পাওয়ার আনন্দ। সারা দেশের শিক্ষার্থীদের মতো বিনামূল্যে নতুন পাঠ্যপুস্তক হাতে পেয়ে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরাও এদিন কলকণ্ঠ মুখরিত হয়ে ওঠে।

সকাল ১০টায় হোমস প্রাঙ্গণে প্রাথমিক ও মাধ্যমিক শাখার প্রায় ৬০০ ছাত্রীর হাতে নতুন বই তুলে দিয়ে পাঠ্য পুস্তক উৎসব উদ্বোধন করেন The gathering of the patients was arranged by Kumudini Nursing School and the presence of the doctors and nurses in the function made it worthwhile. The program began with the recitation from the four Holy Books and lighting candles seeking God's blessing for the patients.

Mother Teresa said – 'Prayer is the outcome of silence, care is the outcome of prayer, love is the outcome of care, happiness is the outcome of love. The greatest of the religion is serving humanity. We can get nearer to God through service to and love of humanity.' – Saying these words a health worker of Kumudini Hospital began the function.

In ancient times people used to fear any illness. If anybody would become seriously ill it would be thought as punishment for any sin committed. Therefore, patients used to be kept away, separated from family which was an inhuman behavior towards the ill. With the development of modern science and improvement in medical sciences people have become more progressive. Through research medical scientists have been able to identify and overcome illness. It is no denying the fact that care as well as earnest love can provide soundness of body to the ill.

The chief guest of the function Dr Pradip Kumar Roy, Superintendent of the Hospital said, 'Not only on any special day but literally every day of the year the doctors and nurses have to observe this day. After the doctor had treated the patient the nurses take over and provide love and care to the patients'.

Sister Dipali Koraia, Matron of the Kumudini Nursing School & College also spoke on the occasion. God's blessing was sought for the patients by Sister Shefali Sarker, Principal of Kumudini Nursing School. Lastly students of Nursing School rendered some prayer hymn.

#### Students of BH Received Free Text Books on New Year's Day

On the eve of New Year 2013 the students of Bharateswari Homes (BH) were pleased to receive new text books. This was more of a new year's gift to the students. Receipt of new books on happy new year's day was a source of additional joy for the students. These books were provided free of cost to all students of primary and secondary level all over the country as a part of government programme.

At 10 in the morning, Principal of BH inaugurated the text book festival by handing over new books to



Students rejoicing with new text books in hand

হোমসের অধ্যক্ষা। তিনি তাঁর বক্তব্যে এজন্য শিক্ষা মন্ত্রণালয়কে ধন্যবাদ জানান।

দেশের প্রায় পৌনে চার কোটি শিক্ষার্থীর জন্য প্রায় ২৬ কোটি ১৮ লক্ষ নতুন বই ছাপানো, বাঁধাই ও বছরের প্রথম দিন থেকেই বিতরণ গুরু করা বিশাল এক কর্মযজ্ঞ। উল্লেখ্য, ১ জানুয়ারি রাজধানীর রেসিডেনসিয়াল মডেল কলেজে শিক্ষা মন্ত্রীসহ বেশ কয়েকজন মন্ত্রী ও সংসদ সদস্যের উপস্থিতিতে জাতীয়ভাবে 'পাঠ্যপুস্তক উৎসব' উদ্যাপনের মধ্যদিয়ে ২০১৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়ার কার্যক্রম গুরু হয়।

### বাণীবন্দনা

#### ওঁ সরস্বতী মহাভাগে বিদ্যে কমললোচনে বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোহস্ততে॥


এই প্রণামমন্ত্র উচ্চারণের মাধ্যমে ভারতেশ্বরী হোমসের সনাতন ধর্মাবলম্বী বিদ্যার্থীগণ প্রতি বছরের মতো এবারও বিদ্যার আরাধ্য দেবী সরস্বতীর আনুষ্ঠানিক বন্দনা করেছে শ্রীপঞ্চমী তিথিতে। এবার এ তিথিটি পড়েছে ১৫ ফেব্রুয়ারি। কুমুদিনী কমপ্রেস্কের অন্যান্য প্রতিষ্ঠানের ছাত্রীরাও এতে অংশগ্রহণ করে। কিছু প্রাক্তন ছাত্রীও বাণীবন্দনা অনুষ্ঠানে যোগদান করে সকলের সাথে কুশল বিনিময় করে। কুমুদিনী পরিবারের পক্ষ থেকে সকলের প্রিয় বৌদি কুমুদিনী ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা সরস্বতী পূজানুষ্ঠানে যোগ দেন এবং ছাত্রীদের সঙ্গে আনন্দ উদ্দীপনার মধ্যে সারাদিন অতিবাহিত করেন। তাঁর সঙ্গে ছিলেন ভারতেশ্বরী হোমসের প্রাক্তন প্রিসিপাল ও বর্তমানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (শিক্ষা) প্রতিভা মুৎসুদি, সন্ত্রীক কুমুদিনী হাসপাতালের পরিচালক ডাঃ দুলাল চন্দ্র পোদ্দার প্রমুখ। approximately 600 students of the institution. In her speech she thanked the Ministry of Education for this.

Kumudini

Printing, binding and distribution of 26 crore and 18 lac books to approximately 3.45 crore students is a huge task. On 1st January 2013 'Textbook Festival' was inaugurated by the Education Minister at Residential Model College in Dhaka through handing over of new books to the primary and secondary students.

#### Saraswati Puja Celebrated

Like in the previous years the followers of Hinduism belonging to Bharateswari Homes formally paid respect to Saraswati Devi the goddess of learning. This was done on the 15th of February. Students belonging to the other institutions in Kumudini Complex also participated in the ceremony. Some former students of the Homes also participated in the puja festival and exchanged greetings among themselves. On behalf of the Kumudini family, Mrs Srimati Shaha, Director of the Trust joined the Puja celebration and shared joy



Students wearing traditional sarees performing devotional songs before the goddness Saraswati

শ্রীপঞ্চমীর প্রত্যুষে ছাত্রীরা নানা উপাচারে সরস্বতী প্রতিমাকে বরণ করে নেয়। প্রতি বছরের ন্যায় এবারও দশম শ্রেণির ছাত্রীরা শাড়ী পরে প্রতিমা বরণ করার পর কুমুদিনী কমপ্লেক্সে প্রদক্ষিণ করে। এরপর বিদ্যাদেবীর বেদীতে বই খাতা কলম রেখে ভক্তিচিত্তে দেবীর চরণে পুষ্পাঞ্জলি অর্পণ করে। উপস্থিত অন্যান্য হিন্দু ধর্মাবলম্বী ছাত্রীরাও তাদের অনুসরণ করে। দেবী অর্চনার পর হোমসের ছাত্রীরা কমপ্লেক্সে সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, চিকিৎসক, সেবিকা, কর্মকর্তা-কর্মচারীকে পূজার প্রসাদ দিয়ে আপ্যায়ন করে।

Kumudini

সায়াহ্বে হোমসের পূজা মন্ডপ চতুর জুড়ে ছাত্রীরা প্রদীপ প্রজ্জলন করে। ভক্তিগীতি সহকারে সন্ধ্যারতির পর তারা এক মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করে। তখন হোমস প্রাঙ্গণে স্থাপিত পূজামন্ডপের চারদিক দর্শনার্থীর ভিড়ে আনন্দে মুখরিত হয়ে ওঠে।

পূজার পরের দিন একই মঞ্চে অনুষ্ঠিত হয় একটি বিচিত্রানুষ্ঠান। এতে অংশ নেয় ভারতেশ্বরী হোমসের নবাগতা ছাত্রীবৃন্দ।

# কুমুদিনী হাসপাতালে প্রসবজনিত ফিস্টুলা ওরিয়েন্টেশন

গর্ভধারণ ও সন্তান প্রসব একটি প্রাকৃতিক নিয়ম এবং মানব সভ্যতাকে বহমান রাখার জন্য অপরিহার্য। কিন্তু প্রকৃতিপ্রদন্ত এই দায়িত্ব পালন করতে গিয়ে মায়েরা অনেক জটিলতার সম্মুখীন হন। বাংলাদেশে গর্ভাবস্থা এবং সন্তান প্রসব সংক্রান্ত জটিলতা মায়েদের অসুস্থতা এমনকি মৃত্যুরও অন্যতম কারণ। উন্নত বিশ্বের যে কোন দেশ এমনকি উন্নয়নশীল অনেক দেশের চেয়েও বাংলাদেশে and happiness with all. Former Principal of Bharateswari Homes and Director (Education) of the Trust Ms Protiva Mutsussdy was present along with Director of Kumudini Hospital Dr Dulal Chandra Poddar and his wife. After the rituals the students of the Homes entertained the teachers, students, doctors, nurses, officer and employees with offering of sweets. In the evening candles were lighted at the Homes' temple by the students. A cultural function was also arranged on the occasion. A variety show was held in the same stage on the following day where the new comers of Bharateswari Homes participated.

### Fistula Orientation at Kumudini Hospital

Pregnancy and delivery is a natural process which keeps the human civilization going. At times mothers used to face a lot of difficulties while delivering babies. In Bangladesh a huge number of women become seriously ill and at times die while in pregnancy or in the delivery process. In comparison to the developed countries and even the developing countries the



মাতৃমৃত্যুর হার অনেক বেশি। বাংলাদেশী মহিলাদের মধ্যে মাতৃস্বাস্থ্য সমস্যার যে ব্যাপকতা, তা প্রতিফলিত হচ্ছে মাতৃমৃত্যুর ভয়াবহ উচ্চহারের মধ্য দিয়ে। বাংলাদেশে মাত্র শতকরা ১৩ ভাগ মহিলা দক্ষ সেবাদানকারীর মাধ্যমে সন্তান প্রসব করেন। বাকিরা অবৈজ্ঞানিক পন্থায় সন্তান প্রসব করে জীবনের ঝুঁকি নেন। অথচ যথাযথ সময়ে দক্ষ সেবাদানকারীর কাছে গর্ভকালীন, প্রসবকালীন এবং প্রসব পরবর্তী সেবা গ্রহণ করলে অধিকাংশ মাতৃমৃত্যুই এড়ানো সম্ভব।

গত ২ ফেব্রুয়ারি শুক্রবার এনজেন্ডার হেলথ বাংলাদেশ ইউএনএফপিএ-র আয়োজনে কুমুদিনী উইমেঙ্গ মেডিক্যাল কলেজের ডা. বিষ্ণুপদ পতি হলে সকাল ১০টায় অনুষ্ঠিত প্রসবজনিত ফিস্টুলা ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তাদের কাছ থেকে এসব তথ্য জানা যায়। কমিউনিটি স্কিল বার্থ এ্যাটেনডেন্ট প্রশিক্ষণপ্রাপ্ত ২১৭ জন স্বাস্থ্যকর্মী অনুষ্ঠানে যোগ দেন। এ অনুষ্ঠানের উদ্দেশ্য ছিল বাংলাদেশে মাতৃস্বাস্থ্যের পরিস্থিতি কী, প্রসবজনিত ফিস্টুলা কী, কীভাবে ফিস্টুলা রোগ হয়, ফিস্টুলার কারণ ও ফলাফল, ফিস্টুলার চিকিৎসা, ফিস্টুলা প্রতিরোধে করণীয় এবং ফিস্টুলা প্রতিরোধে পুরুষের ভূমিকা ইত্যাদি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

কুমুদিনী হাসপাতালে ২০০৫ সালের জুলাই থেকে এনজেন্ডার হেলথ বাংলাদেশ ইউএনএফপিএ-র আর্থিক সহায়তায় প্রসবজনিত ফিস্টুলা প্রোগ্রাম পালিত হয়ে আসছে। এ বিষয়ে প্রশিক্ষণ পেয়ে থাকেন হাসপাতালের সার্জন, সিস্টার ও স্বাস্থ্যকর্মীগণ।

অনুষ্ঠানে প্রধান আতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (শিক্ষা) প্রতিভা মুৎসুদ্দি। বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী মেডিক্যাল কলেজ এ্যন্ড হসপিটালের পরিচালক ডাঃ দুলাল চন্দ্র পোদ্দার। প্রসবজনিত ফিস্টুলা প্রেজেন্টেশনে কুমুদিনী উইমেন্স মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডাঃ এম এ হালিম বিষয় ভিত্তিক সমস্যা, চিকিৎসা, প্রতিরোধ ইত্যাদি বিষয় তুলে ধরেন। বক্তব্য রাখেন সরকারের স্বাস্থ্য ও পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তা শামসুন নাহার বেগম, এনজেডার হেলথের কান্ট্রিডিরেকটর ডাঃ আবু জাবেল ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তা ডাঃ গিয়াস উদ্দীন। number of mothers dying in pregnancy in Bangladesh is much higher. The high rate of mother mortality is an indicator of the ill health of the mothers in Bangladesh. Only 13% of the mothers get the services of trained service providers at the time of delivery. The rest deliver babies in an unscientific manner at the risk of their lives. This mother mortality could have been greatly lessened if the mothers could avail of the services of trained service providers during pregnancy, during delivery and post delivery period.

Delivery related difficulties came to light during the program on Delivery Related Fistula Orientation organized by Engender Health Bangladesh and UNFPA. The speakers disclosed these information at the program held at Dr. B P Hall of Kumudini Medical College on 02 February 2013. A total of 217 health workers who have been trained on community skill birth attendant course participated in this program. The aim of the program was to identify the following : Status of mothers health in Bangladesh, delivery related fistula, causes of fistula, reasons of delivery related fistula and its implication, treatment of delivery related fistula, measures against delivery related fistula and finally role of men in prevention of delivery related fistula.

Ms Protiva Mutsuddy, Director (Education) of Kumudini Welfare Trust was the chief guest at the program. Dr Dulal Chandra Poddar, Director, Kumudini Hospital was the special guest. Principal of Kumudini Medical College, Prof M A Halim made a presentation on the subject which included treatment, prevention etc. Among others Shamsun Nahar Begum of Government Health and Family Planning Directorate, Dr Abu Jabel Country Director of Engender Health and Dr Gias Uddin of Family Planning Directorate also spoke on the occasion.

### যুঁইমতি সাহা আর নেই

দানবীর রণদা প্রসাদ সাহার ভগ্নী শ্রীমতী যুঁইমতি সাহা গত ১৭ জানুয়ারি বৃহস্পতিবার ২০১৩ সকাল ১০টায় মির্জাপুরস্থ তাঁর পৈতৃক বাড়িতে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। তিনি দীর্ঘদিন বার্ধক্যজনিত রোগে শয্যাগত ছিলেন। মৃত্যুকালে তিনি একপুত্র, এক কন্যা ও নাতি নাতনীসহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে গেছেন। অল্প বয়সে স্বামী জিতেন্দ্রনাথ সাহার মৃত্যুর পর যুঁইমতি সাহা পুত্র-কন্যা নিয়ে কুমুদিনী পরিবারে বসবাস করছিলেন। গত ১ ফেব্রুয়ারি তাঁর আদ্য শ্রাদ্ধ ও পারলৌকিক ক্রিয়া অনুষ্ঠিত হয় এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করা হয়।



Late Juimati Shaha

#### Juimati Shaha Passes Away

Mrs Juimati Shaha, sister of philanthropist R P Shaha, passed away at 10 am on 17 January 2013 at her paternal home at Mirzapur. She was 92 years old. She was bed ridden for a long time due to old age complications. She is survived by her son, daughter and a host of grandchildren and relations. At an early age she lost her husband. Since then she had been living with the Kumudini family along with her children. Her Shraddha ceremony was performed on 1 February 2013.We pray for the peace of her departed soul.



#### Annual Sports Competition at Bharateswari Homes

# হোমসের ছাত্রীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

Kumudini



An enthusiastic race of the minor children with a view to reaching the goal

গত ১৫ মার্চ শুক্রবার সকাল ৮ টায় ভারতেশ্বরী হোমসের সবুজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় ছাত্রীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মির্জাপুর উপজেলার নির্বাহী অফিসার আফরোজা আক্তার চৌধুরী।

ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের শপথ বাক্য পাঠ করান হোমসের অধ্যক্ষা প্রফেসর মনিকা দেবী বড়ুয়া। ক্রীড়া সঙ্গীত পরিবেশনার মাধ্যমে প্রজ্জলিত মশাল নিয়ে মাঠ প্রদক্ষিণ করে ২০১২–এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার চ্যাম্পিয়ন।

এরপর প্রধান অতিথি আফরোজা আক্তার চৌধুরী ভারতেশ্বরী হোমসের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৩–এর উদ্বোধন ঘোষণা করেন।

ফুলকুঁড়ি, কাকলী, মুকুল, অংকুর, প্রভাতী, প্রান্তিক ও কিশলয় শিরোনামের ৭টি দলের প্রায় ৩০০ ছাত্রী খেলায় প্রতিযোগিতা করে। একশ' ২০ ছাত্রী বিভিন্ন স্তরে বিজয়ী হয়ে পুরস্কার জিতে নেয়। ক্রীড়া নৈপুণ্যে মুখর ছাত্রীদের উৎসাহিত করতে দিন ব্যাপী এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (শিক্ষা) প্রতিভা মুৎসুদ্দি এবং ম্যানেজিং কমিটির সদস্য ও অভিভাবকবৃন্দ। Annual Sports Competition of Bharateswari Homes was held in the school premises on 15th March 2013. Afroza Akhtar Chowdhury, the Upazila Nirbahi Officer of Mirzapur was the chief guest on the occasion.

The students participating in the competition were administered oath by the Principal of Homes Professor Monica Devi Barua. The champion of 2012 sports competition went round the field with the torch while the sports music was played.

The sports event was declared open by the chief guest Afroza Akhtar Chowdhury. A total of 300 students divided into 7 groups participated in the meet. To encourage the students Ms Protiva Mutsuddy the Director (Education) of KWT and members of the managing committee along with the guardians were present.

#### **Kumudini Hospital**

#### **Treatment Statistics** January-April 2013

Kumudini

চিকিৎসা পরিসংখ্যান জানুয়ারী-এপ্রিল ২০১৩ টিকাদান কর্মসূচী Vaccination Programme জানুয়ারি ষ্ণেব্রুয়ারি মাচ এপ্রিল প্যান্টাভ্যালেন্ট 089 003 308 080 835 067 058 340 220 202 203 2022 মিজেলস 24 29 00 25 বি.সি.জি 202 305 274 300 53 30 49 92 ভিটা-এ ক্যাপ 23 50 00 24 হাসপাতালে ভর্তিকৃত রোগী জানুয়ারি ক্ষেব্রুয়ারি মার্চ এপ্রিল 2000 2662 6950 0208 বর্হিবিভাগে মোট রোগী জানুয়ারি ক্ষেক্রন্নারি মাচ এপ্রিল 19063 36869 20290 20838 হাসপাতালে মৃত্যু জানুয়ারি ফেব্রুয়ারি মার্চ এপ্রিল 60 50 89 50 অপারেশন बानुसाति ফেব্রুয়ারি মার্চ এপ্রিল 83 80 **Q8** 63 2,38 000 208 000 অর্থোপেডিক্স জানুয়ারি ক্ষেব্রুয়ারি মার্চ এপ্রিল 36 22 29 00 (8) 009 400 626 ই.এন.টি. जानुसाति ক্ষেব্রুয়ারি মার্চ এপ্রিল 36 30 38 28 85 25 22 23 जानुसाति ফেব্রুয়ারি মার্চ এপ্রিল 25 03 85 08 89 99 43 28 অবসটেট্রিক্স জানুয়ারি ফেব্রুয়ারি মার্চ এপ্রিল 200 00 30 20 520 209 338 336

পোলিও

1.01

ৰুবেলা

ভৰ্তি

সার্জারী

মেজর

মাইনর

মেজর

মাইনর

মেজর

মাইনর

গাইনি

মেজর

মাইনর

মেজর

মাইনর

মধুপুর, টাঙ্গাইল

মধুপুর, টাঙ্গাইল

মধুপুর, টাঙ্গাইল

ফুলবাড়িয়া, ময়মনসিংহ

ফুলবাড়িয়া, ময়মনসিংহ

চক্ষু শিবির					
চক্ষু অপারেশন	জানুয়ারি	ফেব্রুয়ারি		মার্চ	এপ্রিল
সর্বমোট	220	290		660	522
দস্ত					
অপারেশন দন্ত	জানুয়ারি	ফ্রেম্বারি		মার্চ	এপ্রিল
মেজর	22	٩		20	32
মাইনর	পত	<b>Q</b> D		৬৬	22
মাইনর অপারেশন	জানুয়ারি	ফেব্রুয়ারি		মার্চ	এপ্রিল
বহির্বিভাগ	202	289		290	292
চক্ষু শিবির					
ঠিকানা	মাস/তা	মাস/তারিখ		মহিলা	মোট
পাকুটিয়া, নাগরপুর	@/3/20	@/3/2030		890	686
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/3/20	9/3/2030		200	660
মধুপুর, টাঙ্গাইল	50/5/2	26/2/2020		220	205
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/2/20	9/2/2020		222	252

26/2/2020

2/0/2030

26/0/2020

9/8/2030

20/8/2020

20

200

220

203

390

200

53

202

200

320

200

255

282

003

000

	January	February	March	April
Pantavalent	347	301	304	340
Polio	416	368	385	364
T.T	101	109	151	120
Measles	15	27	30	26
B.C.G	131	106	115	103
Robela	69 67		81	72
Vita- A Cap	29	32	33	26

#### Patient Admitted in Hospital

	January	February	March	April
Admission	2853	2682	3279	3264
Out Patient				
	January	February	March	April

#### **Patient Death in Hospital**

	Ja	nuary	Febr	uary	March	April
		63	6	0	47	60
peration						
Surgery	January		February		March	April
Major	49		4	0	54	61
Minor	294		308		284	330
Orthopaedics	January		February		March	April
Major	18		22		17	30
Minor		541	507		600	628
E.N.T.	Ja	nuary	Febr	uary	March	April
Major		18	1	0	14	24
Minor		41	2	8	22	26
Gynae	Ja	nuary	February		March	April
Major		28	31		41	34
Minor		47	37		59	54
Obstetrics	Ja	nuary	February		March	April
Major	105		83		95	93
Minor	123		107		114	116
ye Camp						
Eye Operation	Ja	anuary Fe		uary	March	April
Total		223	19	0	319	298
ental						
Operation Dental	Ja	nuary	February		March	April
Major		11	7		16	12
Minor	38		59		66	11
Minor Operation	Ja	nuary	February		March	April
Out Patient		132	147		173	172
ye Camp					1	
Address	Iress		nth/Date Ma		Female	Total
Pakutia, Nagarpur		5/1/2013		375	473	848
Fulbaria, Mymensingh		7/1/2013		164	155	319
Modhupur, Tangail		15/1/2013		81	120	201
Fulbaria, Mymensingh		7/2/2013		140	122	262
Modhupur, Tangail		16/2/2013		90	105	195
Fulbaria, Mymensingh		9/3/2013		130	81	211

16/3/2013

7/4/2013

15/4/2013

110

151

175

132

200

125

242

351

300

Modhupur, Tangail

Modhupur, Tangail

Fulbaria, Mymensingh



# বর্ষবিদায় বর্ষবরণ

বাংলাদেশে অসাম্প্রদায়িক চেতনার সবচেয়ে বড় উৎসব বাংলা নববর্ষ, পহেলা বৈশাখ। এই দিনটি জাতি ধর্ম নির্বিশেষে সারা বাংলাদেশের মানুষ প্রাণ খোলা আনন্দ নিয়ে উৎসবে মেতে ওঠে। ভারতেশ্বরী হোমসও এর ব্যতিক্রম ছিল না। নাচ-গান-কবিতা- গুভেচ্ছাবাণীতে ভারতেশ্বরী হোমসের প্রতিটি কোণা ছুঁয়ে ছিল বৈশাখী আনন্দ।

প্রতি বছরের মতো এবারেও চৈত্র সংক্রান্তির দিন ছাত্রীরা 'ব্যর্থ প্রাণের আবর্জনা পুড়িয়ে ফেলে আগুন জ্বাল' গান গেয়ে নেচে এবং মাঠের মাঝে আবর্জনা পুড়িয়ে পুরাতন বছরকে বিদায় জানায়। আর পরের দিন সকাল ৬.০৫ মিনিটে পহেলা বৈশাথে নানা আয়োজনে বরণ করে নেয়া হয় ১৪২০ সালকে।

#### **Bangla New Year's Celebration**

Bengali New Year was celebrated at Bharateswari Homes on the 1st of Boishak. The students welcomed the new year with programmes of dance, song and recitation. As a part of the programme they went round the Kumudini Complex with a colorful rally The students of Homes and Nursing School & College took part. On this occasion a hand written Bangla wall magazine named 'Ushasi' meaning the glowing light of dawn was also brought out. At the end of the function traditional Bengali food was served.



Bangla New Year's Celebration

"এসো হে বৈশাখ এসো এসো তাপস নিঃশ্বাস বায়ে মুমূর্যুরে দাও উড়ায়ে"

চির নতুন এই গান হয়ে ওঠে নতুনের আবাহনের প্রধান অনুষঙ্গ। সারা সকাল জুড়ে নাচে গানে কবিতায় মুখর হয়ে থাকে ভারতেশ্বরী হোমসের সবুজ প্রাঙ্গণ। বর্ষবরণ উপলক্ষে ছাত্রীরা প্রকাশ করে দেয়াল পত্রিকা 'উষসী।' ভারতেশ্বরী হোমসের বর্ষবরণ অনুষ্ঠানে নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা নৃত্য ও সঙ্গীত পরিবেশন করে।

এছাড়াও ছাত্রীরা একটি বর্ণাচ্য র্যালি নিয়ে কুমুদিনী কমপ্লেক্স প্রদক্ষিণ করে। বর্ষবরণ অনুষ্ঠান শেষে বাংলার চিরাচরিত খাবার পরিবেশন করা হয় সকলের মাঝে।



Students rendering songs, performing dances under the open sky

28

### বিপ্লবী বিনোদবিহারীর প্রতি কুমুদিনীর অন্তিম শ্রদ্ধা

#### Kumudini Pays Homage To Great Revolutionist Binod Bihari

Kumudini



Offering floral wreath on behalf of Kumudini

গত ১২ এপ্রিল শুক্রবার ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে বিপ্লবী বিনোদবিহারী চৌধুরীর প্রতি রাষ্ট্রীয় মর্যাদায় শেষ শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। দেশের সর্বস্তরে মানুষ এতে অংশ নেয়। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে প্রয়াত এ নেতার মরদেহে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান ট্রাস্টের পরিচালক (শিক্ষা) ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদ্দি ও ভারতেশ্বরী হোমসের শিক্ষক হেনা সুলতানা।

ব্রিটিশ বিরোধী আন্দোলনের অন্যতম নেতা বিপ্লবী বিনোদবিহারী চৌধুরী ১০৩ বছর বয়সে গত ১০এপ্রিল বাংলাদেশ সময় রাত সাড়ে ১০টায় কোলকাতার ফর্টিস হাসপাতালে বার্ধক্যজনিত রোগে মারা যান। গত ৪ ফেব্রুয়ারি অসুস্থ অবস্থায় চিকিৎসার জন্য চট্টগ্রাম থেকে তাঁকে কোলকাতায় নিয়ে যাওয়া হয়। গত ১২এপ্রিল তাঁর মরদেহ কোলকাতা থেকে ঢাকা আনা হয়। পরে ঐ দিনই সৎকারের উদ্দেশ্য চট্টগ্রামে নিয়ে যাওয়া হয়।

বিনোদবিহারী চৌধুরী ১৯১১ সালের ১০ জানুয়ারি বৃহত্তর চট্টগ্রামের বোয়ালখালী জেলায় জন্মগ্রহণ করেন। ব্রিটিশ বিরোধী আন্দোলন চলাকালে ১৯৩০ সালের ১৮এপ্রিল চট্টগ্রামের দামপাড়ায় অস্ত্রাগার লুষ্ঠনের ঐতিহাসিক ঘটনায় তিনি ছিলেন মাস্টারদা সূর্য সেনের অন্যতম তরুণ সহযোগী। People from all walks life paid last homage to Binod Bihari Chowdhury, a great revolutionist and famous leader of the anti-British movement, at the Central Shaheed Minar in Dhaka on April 12. Director (Education) of KWT Prativa Mutsuddi and senior teacher of BH Hena Sultana offered floral wreaths on behalf of Kumudini Welfare Trust.

Binod Bihari breathed his last at Fortis Hospital in Kolkata, India at 10.30 pm on April 10, at the age of 103 years. He was sent to Kolkata on February 4 in a critical condition for treatment. His body was brought to Dhaka from Kolkata on 12 February and later sent to Chittagong for the funeral on the same day.

Chowdhuary was born on January 10 in 1911 at Boalkhali in greater Chittagong. He participated in Dampara Arms Warehouse looting operations led by Masterda Surya Sen on April 18,1930.



বর্ণাচ্য কর্মময় জীবনের অধিকারী বিনোদবিহারী চৌধুরী অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি ১৯২৭ সালে কৃতিত্বের সাথে মেট্রিক পাশ করে রায়চাঁদ বৃত্তি লাভ করেন। জেলে বন্দী অবস্থায় তিনি আইএ, বিএ, এমএ(ইংরেজি) এবং বিএল পাশ করেন। তিনি ১৯৪৬ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের চট্টগ্রাম জেলা কমিটির সাধারণ সম্পাদক নিযুক্ত হন। ১৯৪৮ সালে তিনি পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে এমএলএ নির্বাচন হন। ১৯৫২ সালে ভাষা আন্দোলন চলাকালে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। বাঙ্গালির স্বাধিকার আন্দোলন, আইয়ুব খানের জারিকৃত সামরিক শাসন বিরোধী গণঅভ্যুত্থান, বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধসহ ইতিহাসের গুরুত্বপূর্ণ প্রতিটি পর্বেই বিনোদ বিহারী চৌধুরীর ভূমিকা ছিল উল্লেখযোগ্য।

তিনি তাঁর কর্মময় জীবনে একাধিক রাষ্ট্রীয় ও সামাজিক পুরস্কারে ভূষিত হয়েছেন। ২০০০ সালে বাংলাদেশ সরকার তাঁকে স্বাধীনতা পদক প্রদান করে।

বিপ্লবী বিনোদবিহারী চৌধুরীর শূন্যতা পূরণ হতে পারে তাঁর মহৎ আদর্শের অনুসরণের মধ্যে দিয়ে। আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করি। He was a very meritorious student and was awarded Rai Bahadur Scholarship for his brilliant result in matriculation examination in 1927. As a prisoner he passed IA, BA and MA(English) and BL.

Binod Bihari was elected general secretary of Chittagong district committee of the Indian National Congress in 1946. After independence from British rule, he was elected MLA of the then East Pakistan State Parliament in 1948. He played an important role during language movement in 1952, anti- martial law movement during Ayub regime and the country's Liberation War in 1971.

He received several national and social awards including Swadhinata Padak in 2000.

We pray for the salvation and peace of the departed soul.

# ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের কৃতিত্ব

### Homes Students Top in Essay and Book Reading Competation



Students of Bharateswari Homes with prizes in an Eassy and Book Reading Competition

#### "পড়িলে বই আলোকিত হই, না পড়িলে বই অন্ধকারে রই।"

এই শ্লোগানকে সঙ্গে নিয়ে মহান বিজয় দিবসঃ ২০১২ উপলক্ষে টাঙ্গাইল জেলা সরকারি গণগ্রহাগার আয়োজন করেছিল 'রচনা ও বই পাঠ প্রতিযোগিতা। ' এই প্রতিযোগিতায় টাঙ্গাইল জেলার মধ্যে শ্রেষ্ঠত্ব অর্জন করে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা। ক ও খ- গ্রুপে রচনা প্রতিযোগিতায় অংশ নিয়ে ভারতেশ্বরী হোমসের চারজন ছাত্রী প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারসহ জেলায় শ্রেষ্ঠত্ব অর্জন করে। গত ২৫ ফেব্রুয়ারি টাঙ্গাইল জেলা গণগ্রহাগার কর্তৃপক্ষ এক অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার ও সনদপত্র তুলে দেন। ক-গ্রুপে ভারতেশ্বরী হোমসের ৮ম শ্রেণির ছাত্রী লিপি আক্তার প্রথম ও টিসা জামান দ্বিতীয় স্থান অর্জন করে। খ-গ্রুপে এই প্রতিষ্ঠানের দ্বাদশ শ্রেণির ছাত্রী আরিয়ানা বিনতে আলম প্রথম এবং একাদশ শ্রেণির ছাত্রী নূসরাত জাহান দ্বিতীয় স্থান অর্জন করে।

পুরস্কার ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টাঙ্গাইলের অতিরিক্ত জেলা প্রশাসক মো. জহিরুল ইসলাম। তিনি বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হোমসের শিক্ষক মনিরা সিদ্দিকা, টাঙ্গাইল জেলা সরকারি গণগ্রন্থাগারের প্রধান দেলোওয়ার হোসেন প্রমুখ।

#### 'Study makes you enlightened If you don't read live in darkness'

Kumudini

"If you don't read live in darkness" 'With this slogan in mind Tangail district public library arranged Victory Day: 2012 an Essay and Book Reading competition. Student of Bharateswari Homes came out on top in this competition. Four students of Bharateswari Homes participating in A and B group essay competition stood 1st and 2nd and was the best in the district. The winners were handed over prizes at Tangail district library on 25 February 2012. In group A Lipi Akhtar a student of Class VIII came out 1st and Tisha Zaman came out 2nd. In group B Ariana Binta Alam of Class XII and Nusrat Jahan of Class XI both from Bharateswari Homes came out 1st and 2nd respectively. A discussion meeting was arranged on the occasion of the prize giving ceremony. The meeting was presided over by the Additional District Commissioner of Tangail Mr M Zahirul Islam. He distributed prizes among the participants. Among others teacher of Bharateswari Homes Monira Siddiqa, Head of Tangail district government library Mr Delwar Hossain were present.

### স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে হোমসের ছাত্রীদের অংশগ্রহণ

বিয়াল্লিশতম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে গত ২৬ মার্চ ২০১৩, মঙ্গলবার সকাল ৯টায় ঢাকা জেলা প্রশাসনের আয়োজনে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে আকর্ষণীয় শিশু কিশোর সমাবেশ অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। সকাল ৯টায় মাননীয় প্রধান অতিথি কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনের পর সমাবেশ কর্তৃক প্রধানমন্ত্রীকে সালাম প্রদান করা হয়। প্রধানমন্ত্রী বেলুন ও পায়রা উড়িয়ে সমাবেশের শুভ উদ্বোধন করেন। এরপর তিনি সমাবেশ পরিদর্শন করে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে ভাষণ দেন। এ অনুষ্ঠানে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা অংশগ্রহণ করে। মাননীয় প্রধানমন্ত্রীকে লৈলী প্রদর্শন করে ছাত্রীরা আল্বাদন জানায়। তারা শারীরিক শৈলী প্রদর্শন করে ভূয়সী প্রশংসা অর্জন করে।

এদিকে মির্জাপুর উপজেলায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সরকারি কর্মসূচির আলোকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের নিমিত্ত বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। এখানে

#### Homes Students Participate in Independence Day Programmes

On the occasion of 42nd Independence and National Day on 26 March 2013 a children rally was organized by Dhaka district administration at the Bangabandhu National Stadium. Hon'ble Prime Minister of the Government of Bangladesh Sheikh Hasina was the chief guest. The Prime Minister raised the national flag and took salute. The Prime Minister inaugurated the function by releasing balloons and pigeons. She later inspected the rally and addressed the gathering. Students of Bharateswari Homes participated in this rally. The students of the Homes presented salute to the Prime Minister. They put up an impressive physical display which was applauded by all.

As part of government programme, the Independence and National Day was celebrated at Mirzapur Upazila where the students from junior group of Bharateswari Homes participated. They put up an



Physical display exhibited by the students of Bharateswari Homes at the Bangabandhu National Stadium on Independence and National Day was one of the main attractions to the spectators

ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা (জুনিয়র গ্রুপ) শরীর চর্চা প্রদর্শন করে প্রশংসা অর্জন করে।

Kumudin

স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে সকাল ৮ টায় মির্জাপুরে কুমুদিনীর প্রধান ফটকে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এ উপলক্ষে কুমুদিনী হাসপাতালের রোগীসহ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের সকল প্রতিষ্ঠানে উৎসব খাবার পরিবেশন করা হয়। impressive physical display which was also applauded by all.

On the occasion the national flag was hoisted at the main gate of Kumudini Complex. Patients at the hospital and all other at different institutions of Kumudini were given improved diet.



Oath taking ceremony of Student Union at Bharateswari Homes on 25 January, 2013

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd., 86 (New) & 72 (Old) Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel.: 7633545, 7633546, 7635030, 7635051, 7635052, 7635120, Fax: 88-02-7635024, 9888009 e-mail : kumudini@bdonline.com, kwt@dhaka.net, web site: www.kumudinibd.org